রেজিস্টার্ড নং ডি এ-১ ২০১৪ সনের ৪০ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, অক্টোবর ২, ২০১৪

সূচীপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৫৫৫—৫৭৪ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ১২৭৯—১৩০৬ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ১৬৯—১৭৬ |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ১৮১১—১৮৪০ |
| ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | ৫১—৫২ |
| ক্রোড়পত্র—সংখ্যা | |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) .......................... তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারিকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**অর্থ মন্ত্রণালয়**

**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**শাখা-৩ (শুল্ক)**

**আদেশ**

তারিখ, ১৮ জ্যৈষ্ঠ ১৪২১/০১ জুন ২০১৪

**নং ০৮.০০.০০০০.০৩৮.২৭.১১.১৪.৩০০**—যেহেতু জনাব সাইফুদ্দিন মজুমদার, সহকারী রাজস্ব কর্মকর্তা, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, সিলেট-এর বিরুদ্ধে অননুমোদিতভাবে কর্মস্থলে অভ্যাসগত অনুপস্থিতি, ওসমানী আন্তর্জাতিক বিমানবন্দর, সিলেট-এর স্থায়ী গুদামের দায়িত্ব গ্রহণ না করা এবং সহকর্মীদের সঙ্গে অসৌজন্যমূলক আচরণ-এর জন্য কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, সিলেট-এর স্মারক নং ২য়/হিটি-৩১৭/ইন্সঃ/ব্যক্তিঃ/সি/কমিঃ/২১০৫ তারিখ ৪-১২-২০১২ এর মাধ্যমে তাঁকে চাকুরি হতে সাময়িক বরখাস্ত করা হয়। উক্ত অভিযোগসমূহের প্রেক্ষিতে তাঁর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫-এর উপ-বিধি ২(এফ) মোতাবেক বিভাগীয় মামলা রুজু করা হয়;

২। যেহেতু জনাব সাইফুদ্দিন মজুমদার-এর বিরুদ্ধে আনীত অভিযোগনামা ও অভিযোগ বিবরণী-এর পরিপ্রেক্ষিতে তাঁর জবাব এবং ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য ও তদন্ত কমিটির প্রতিবেদন নিবিড়ভাবে পর্যালোচনা করা হয়। সকল কিছু পর্যালোচনায় তাঁর বিরুদ্ধে আনীত কর্মস্থলে অননুমোদিতভাবে অভ্যাসগত অনুপস্থিতি সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে;

৩। যেহেতু জনাব সাইফুদ্দিন মজুমদার-এর লিখিত বক্তব্য, শুনানীতে প্রদত্ত বক্তব্য এবং তদন্ত কমিটির পর্যালোচনায় তাঁর সর্বমোট ৪১ দিন অননুমোদিতভাবে দফতরে অনুপস্থিতিসহ অভ্যাসগতভাবে অফিস কামাই এর বিষয় শৃঙ্খলার মানদণ্ডে এটি গর্হিত কাজ এবং সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫-এর উপ-বিধি ৩(বি) অনুযায়ী অসদাচরণের দায়ে উক্ত বিধিমালার উপবিধি ৪(২)(সি) অনুযায়ী তাঁর পরপর ২টি বার্ষিক বেতন বৃদ্ধি পরবর্তী ২(দুই) বছরের জন্য স্থগিত করা হয়;

৪। যেহেতু উক্ত মামলার রায়ের প্রেক্ষিতে জনাব সাইফুদ্দিন মজুমদার, সহকারী রাজস্ব কর্মকর্তা, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, সিলেট সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয় বরাবরে একটি আপীল আবেদন দাখিল করেন; এবং

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd

৫। যেহেতু, জনাব সাইফুদ্দিন মজুমদার-এর বিরুদ্ধে আনীত বিভাগীয় মামলার অভিযোগ, তদন্ত বোর্ড-এর তদন্ত প্রতিবেদন, রায়ের বিরুদ্ধে আপীল আবেদন, আপীল আবেদনের উপর দফাওয়ারী মতামত ও সার্বিক পর্যালোচনায় তাঁর বিরুদ্ধে অননুমোদিতভাবে কর্মস্থলে অভ্যাসগত অনুপস্থিতির বিষয়টি সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে সেহেতু বিভাগীয় মামলার রায় বহাল রেখে আপীল আবেদনটি এতদ্বারা নিষ্পত্তি করা হ'ল।

**মোঃ গোলাম হোসেন**
সচিব।

**অর্থনৈতিক সম্পর্ক বিভাগ (ইআরডি)**

**এডিবি-৩ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ০১ জুন ২০১৪

**নং ০৯.৫১৩.০২৪.০১.০১.০১৭.২০১৪-১৩৩**—এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি)-এর সঙ্গে স্থানীয় সরকার বিভাগের আওতায় স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর ও নির্বাচিত ৩১টি পৌরসভা কর্তৃক জুলাই ২০১৪ হতে জুন ২০২০ পর্যন্ত মেয়াদে বাস্তবায়িতব্য Third Urban Governance and Infrastructure Improvement (Sector) Project-শীর্ষক প্রকল্পের জন্য বাংলাদেশ সরকার পক্ষে লোন নেগোসিয়েশনের জন্য নিম্নবর্ণিতভাবে প্রতিনিধিদল গঠন করা হলো ঃ

| | | |
|---|---|---|
| (ক) | জনাব সাইফুদ্দিন আহমদ, যুগ্ম-সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা। | দলনেতা |
| (খ) | জনাব মোঃ হেলাল উদ্দিন সিনিয়র সহকারী সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। | সদস্যবৃন্দ |
| (গ) | জনাব মোঃ সাইফুল ইসলাম, উপ-সচিব, আইএমইডি, ঢাকা। | ,, |
| (ঘ) | জনাব ডেভিড পল খন্দকার স্বপন, যুগ্ম-সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। | ,, |
| (ঙ) | জনাব মোঃ মঈনুল কবির, উপ সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, ঢাকা। | ,, |
| (চ) | জনাব আবুল বাকের মোঃ তৌহিদ, সিনিয়র সহকারী প্রধান, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা। | ,, |
| (ছ) | জনাব শ্যামা প্রসাদ অধিকারী, অতিরিক্ত প্রধান প্রকৌশলী, এলজিইডি, ঢাকা। | ,, |
| (জ) | জনাব মোঃ শফিকুল হাসান, নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা। | ,, |
| (ঝ) | জনাব মোঃ সেলিম রেজা, যুগ্ম সচিব (মধ্যপ্রাচ্য), অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা। | ,, |
| (ঞ) | জনাব মোহাম্মদ গোলাম কিবরিয়া, সিনিয়র সহকারী সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা। | ,, |

২। **নেগোসিয়েশনের তারিখ, সময় ও স্থান**

| তারিখ | সময় | স্থান |
|---|---|---|
| ৩ জুন ২০১৪ | সকাল ১০:০০ টা থেকে শুরু | এডিবি'র বাংলাদেশ আবাসিক মিশন, আগারগাঁও, ঢাকা। |

৩। উপরে বর্ণিত লোন নেগোসিয়েশন প্রতিনিধিদলের সকল সদস্য যথাসময়ে নেগোসিয়েশনে অংশগ্রহণ করবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ গোলাম কিবরিয়া**
সিনিয়র সহকারী সচিব।

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**

**আইন ও বিচার বিভাগ, সলিসিটর উইং**

**বিজ্ঞপ্তি**

তারিখ, ৫ জ্যৈষ্ঠ ১৪২১/১৯ মে ২০১৪

**নং ১/সলিসিটর/২০০৯-৪৫**—মহামান্য রাষ্ট্রপতি অতিরিক্ত অ্যাটর্নি জেনারেল জনাব এম, কে, রহমান (এম, খলিলুর রহমান)-এর নিয়োগাদেশ বাতিলক্রমে তাঁকে দায়িত্ব হতে অব্যাহতি প্রদান করলেন।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**সৈয়দ আমিনুল ইসলাম**
সচিব (ভারপ্রাপ্ত)।

**বিচার শাখা-৭**

**আদেশাবলী**

তারিখ, ২০ মে ২০১৪

**নং বিচার-৭/২এন-৯৪/২০১৩-২৫৮**—হিন্দু বিবাহ নিবন্ধন আইন, ২০১২ (২০১২ সনের ৪০ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে (আপনাকে জনাব অমলেন্দ্র চন্দ্র বিশ্বাস, পিতা শচীন্দ্র নাথ বিশ্বাস, মাতা রেখা রানী বিশ্বাস, গ্রাম গাংনী, ডাকঘর ও থানা গাংনী, জেলা মেহেরপুর এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে মেহেরপুর জেলার গাংনী উপজেলা অধিক্ষেত্রের জন্য হিন্দু বিবাহ সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। মন্ত্রণালয় বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা নিয়োগলাভকারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই নিয়োগ বলবৎ থাকিবেঃ

তবে শর্ত থাকে যে, মন্ত্রণালয় যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনর্নির্ধারণ করিতে পারিবে।

তারিখ, ২৬ মে ২০১৪

**নং বিচার-৭/২এন-৪৭/২০১৩-২৭৩**—হিন্দু বিবাহ নিবন্ধন আইন, ২০১২ (২০১২ সনের ৪০ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে জনাব স্মৃতি রানী দত্ত, স্বামী ঠাকুর দাস দত্ত, সাং ও ডাকঘর ভাবলা, উপজেলা বেলাব, জেলা নরসিংদী এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে নরসিংদী জেলার বেলাব উপজেলা এলাকার জন্য হিন্দু বিবাহ সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালা বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। মন্ত্রণালয় বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা নিয়োগলাভকারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই নিয়োগ বলবৎ থাকিবেঃ

তবে শর্ত থাকে যে, মন্ত্রণালয় যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনর্নির্ধারণ করিতে পারিবে।

তারিখ, ২ জুন ২০১৪

**নং বিচার-৭/২এন-২১৭/৭৭-২৮১**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে জনাব মোঃ রফিকুল ইসলাম, পিতা মোঃ দেলোয়ার হোসেন, মাতা রাবেয়া বেগম, গ্রাম আছলামপুর, ডাকঘর আছলামপুর, উপজেলা চরফ্যাশন, জেলা ভোলা। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে ভোলা জেলার চরফ্যাশন উপজেলার ২নং আছলামপুর ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

তারিখ, ৮ জুন ২০১৪

**নং বিচার-৭/২এন-২০/২০১৩-২৮৯**—হিন্দু বিবাহ নিবন্ধন আইন, ২০১২ (২০১২ সনের ৪০ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে জনাব রাম প্রসাদ দেব, পিতা মৃত শশাংক মোহন দেব, মাতা অনুরাধা দেবী, গ্রাম নগরপাড়, ডাকঘর কোম্পানীগঞ্জ, উপজেলা মুরাদনগর, জেলা কুমিল্লা এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে কুমিল্লা জেলার মুরাদনগর উপজেলার জন্য হিন্দু বিবাহ সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। মন্ত্রণালয় বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা নিয়োগলাভকারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই নিয়োগ বলবৎ থাকিবেঃ

তবে শর্ত থাকে যে, মন্ত্রণালয় যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনর্নির্ধারণ করিতে পারিবে।

**নং বিচার-৭/২এন-৩২/২০১৩-২৯০**—হিন্দু বিবাহ নিবন্ধন আইন, ২০১২ (২০১২ সনের ৪০ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে জনাব দিলীপ কুমার দেব, পিতা মৃত বিধু ভুষন দেব, মাতা নিভা দেব, মোহনা বি/৯৫ সৎসঙ্গ পল্লী, করের পাড়া, পাঠানটুলা, ওয়ার্ড নং-৮, জালালাবাদ, সিলেট এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে সিলেট সিটি কর্পোরেশনের ১১ ও ২৫ নং ওয়ার্ডের জন্য হিন্দু বিবাহ সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। মন্ত্রণালয় বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা নিয়োগলাভকারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই নিয়োগ বলবৎ থাকিবেঃ

তবে শর্ত থাকে যে, মন্ত্রণালয় যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনর্নির্ধারণ করিতে পারিবে।

**মোঃ হেমায়েত উদ্দিন**
সিনিয়র সহকারী সচিব।

---

## কৃষি মন্ত্রণালয়

### সম্প্রসারণ-১ শাখা

### প্রজ্ঞাপন

তারিখ, ১১ মে ২০১৪

**নং ১২.০৫২.০২৭.০০.০০.০৭০.২০১৩-৭৪৬**—যেহেতু, বিসিএস (কৃষি) ক্যাডারভুক্ত কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের কর্মকর্তা জনাব আব্দুল বাতেন (পরিচিতি নং ১০১৮), মুখ্য প্রশিক্ষক, কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ফরিদপুর (প্রাক্তন উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, হবিগঞ্জ) এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) এবং ৩(ডি) অনুযায়ী "অসদাচরণ" ও "দুর্নীতির" অভিযোগে মন্ত্রণালয়ের ২৫ মার্চ ২০১৩ তারিখের ৫৯৭ সংখ্যক স্মারকমূলে বিভাগীয় মামলা (মামলা নং-০২/২০১৩) রুজুকরতঃ ১ম কারণ দর্শানো নোটিশ (অভিযোগনামা) জারী করা হয়। পরবর্তীতে তাঁর জবাবে ব্যক্তিগত শুনানীর আবেদনের পরিপ্রেক্ষিতে ২৭ জুন ২০১৩ তারিখে ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু ব্যক্তিগত শুনানী গ্রহণান্তে জবাব সন্তোষজনক না হওয়ায় জনাব আব্দুল বাতেন (পরিচিতি নং ১০১৮) এর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলার তদন্ত করার জন্য কৃষি মন্ত্রণালয়ের উপ-সচিব জনাব মোঃ রেজাউল করিম-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু তদন্তকারী কর্মকর্তা'র তদন্তে জনাব আব্দুল বাতেন (পরিচিতি নং ১০১৮), মুখ্য প্রশিক্ষক, কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ফরিদপুর এর বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ প্রমাণিত হয়নি এবং তিনি নির্দোষ প্রমাণিত হয়েছেন।

সেহেতু বিসিএস (কৃষি) ক্যাডারভুক্ত কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে কর্মকর্তা জনাব আব্দুল বাতেন (পরিচিতি নং ১০১৮), মুখ্য প্রশিক্ষক, কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ফরিদপুর এর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলা (মামলা নং ০২/২০১৩) হতে তাঁকে অব্যাহতি প্রদান করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. এস এম নাজমুল ইসলাম**
সচিব।

---

## তথ্য মন্ত্রণালয়

### আইন ও শৃঙ্খলা অধিশাখা

### প্রজ্ঞাপন

তারিখ, ১৪ জ্যৈষ্ঠ ১৪২১/২৮ মে ২০১৪

**নং ১৫.০২৮.০২৭.০৩.০০.০০১.২০১১-১৩০**—বিসিএস (তথ্য-বেতার) ক্যাডারভুক্ত কর্মকর্তা মহাশক্তি প্রেরণ কেন্দ্র, বাংলাদেশ বেতার, ধামরাই, ঢাকার (বর্তমানে কারিগরী কার্য, বাংলাদেশ বেতার, ঢাকা) অতিরিক্ত প্রধান প্রকৌশলী জনাব আহম্মদ কামরুজ্জামান এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল)

বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) অনুযায়ী "অসদাচরণ" এর অভিযোগে অভিযুক্ত করে বিভাগীয় মামলা রুজু করা হয়। উক্ত মামলায় তথ্য মন্ত্রণালয়ের ২১-৯-২০১১ তারিখের নং ১৫.০২৮.০২৭.০৩.০০.০০১.২০১১-২১৫ সংখ্যক প্রজ্ঞাপনমূলে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(বি) বিধিমতে তাঁর বার্ষিক বেতন বৃদ্ধি ১(এক) বছরের জন্য অ-ক্রমবর্ধিষ্ণু (Non cumulative) হারে স্থগিত রাখার লঘুদণ্ড প্রদান করা হয়। তিনি উক্ত আদেশ পুনর্বিবেচনার (রিভিউ) জন্য যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে মহামান্য রাষ্ট্রপতি বরাবর আপীল আবেদন দায়ের করেন। মহামান্য রাষ্ট্রপতি সদয় হয়ে তাঁর বার্ষিক বেতন বৃদ্ধি ১(এক) বছরের জন্য অ-ক্রমবর্ধিষ্ণু (Non cumulative) হারে স্থগিত রাখার লঘুদণ্ড মওকুফ করেন এবং তাকে এ বিষয়ে ভবিষ্যতে সতর্ক করার সদয় নির্দেশনা প্রদান করেন।

এমতাবস্থায়, বিসিএস (তথ্য বেতার) ক্যাডারভুক্ত কর্মকর্তা মহাশক্তি প্রেরণ কেন্দ্র, বাংলাদেশ বেতার, ধামরাই, ঢাকার (বর্তমানে কারিগরী কার্য, বাংলাদেশ বেতার, ঢাকা) অতিরিক্ত প্রধান প্রকৌশলী জনাব আহম্মদ কামরুজ্জামান এর দণ্ড প্রদান সংক্রান্ত তথ্য মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন নং ১৫.০২৮.০২৭.০৩.০০.০০১.২০১১-২১৫, তারিখ ২১-৯-২০১১ এতদ্বারা বাতিল করা হলো। একই সাথে তাকে এ বিষয়ে ভবিষ্যতের জন্য সতর্ক করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মরতুজা আহমদ**
সচিব।

---

**টিভি-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৩ আষাঢ় ১৪২১/১৭ জুন ২০১৪

**নং তম/টিভি-২/৩পি-১/২০০৯/৪৪৮**—আসন্ন পবিত্র ঈদ-উল-ফিতর এবং ঈদ-উল-আযহা উপলক্ষ্যে বাংলাদেশ টেলিভিশনে প্রদর্শনের লক্ষ্যে জমাকৃত প্যাকেজ অনুষ্ঠান যাচাই-বাছাইয়ের জন্য নিম্নবর্ণিতভাবে "বিশেষ প্রিভিউ কমিটি" গঠন করা হল ঃ

**সভাপতি**

(১) মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন, ঢাকা।

**সদস্যবৃন্দ**

(২) যুগ্ম-সচিব (সম্প্রচার), তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(৩) উপ-মহাপরিচালক (অনুষ্ঠান), বাংলাদেশ টেলিভিশন, ঢাকা।

(৪) জনাব রামেন্দু মজুমদার

(৫) জনাব কেরামত মওলা

(৬) জনাব মাসুদ আলী খান

(৭) জনাব নাদের চৌধুরী

(৮) জনাব আব্দুর রহমান

(৯) এডভোকেট মোঃ আফজাল হোসেন

(১০) জনাব মুশফিকুর রহমান গুলজার

(১১) বেগম আতিয়া খান কেয়া

(১২) মিসেস আশরাফুন্নেসা পারুল

(১৩) জনাব মোঃ আকতারুজ্জামান খোকা

(১৪) মিসেস কাজী সালমা সুলতানা

**সদস্য-সচিব**

(১৫) জেনারেল ম্যানেজার, ঢাকা কেন্দ্র বাংলাদেশ টেলিভিশন।

২। **কার্যপরিধি** ঃ

(ক) কমিটি আসন্ন পবিত্র ঈদ-উল-ফিতর এবং ঈদ-উল-আযহা উপলক্ষ্যে বিটিভিতে প্রদর্শনের লক্ষ্যে জমাকৃত প্যাকেজ অনুষ্ঠান (নাটক, টেলিফিল্ম, ম্যাগাজিন অনুষ্ঠানসহ অন্যান্য অনুষ্ঠান এবং চলচ্চিত্র যাচাই-বাছাই করে মান অনুযায়ী প্রয়োজনীয় সংখ্যক অনুষ্ঠান নির্বাচন করবে;

(খ) কমপক্ষে ৬(ছয়) সদস্যের উপস্থিতিতে কমিটির কোরাম পূর্ণ হবে;

(গ) ২০১৪ সালের (পবিত্র-ঈদ-উল-ফিতর এবং ঈদ-উল-আযহার জন্য) অক্টোবর পর্যন্ত এ কমিটি কার্যকর থাকবে;

(ঘ) কমিটি প্রয়োজন অনুসারে প্রতিদিন দুই অথবা তিন শিফটে অনুষ্ঠান অবলোকন করবে।

৩। কমিটির সদস্যরা প্রত্যক্ষ বা পরোক্ষভাবে বিটিভি'র জন্য ঈদের কোন অনুষ্ঠান নির্মাণ ও পরিচালনার সঙ্গে যুক্ত থাকতে পারবেন না।

৪। বিশেষ অনুষ্ঠান নির্বাচনের ক্ষেত্রে কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে, যা আপীলযোগ্য নয়।

৫। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আখতারুজ্জামান তালুকদার**
সিনিয়র সহকারী সচিব।

---

**চলচ্চিত্র অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৭ জ্যৈষ্ঠ ১৪২১/২১ মে ২০১৪

**নং ১৫.০০.০০০০.০২৭.৩১.০২১.১৩.২৮০**—স্বাধীনতা ও মুক্তিযুদ্ধের চেতনা, মানবীয় মূল্যবোধ সম্পন্ন জীবনমুখী, রুচিশীল ও শিল্পমান সমৃদ্ধ পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র নির্মাণে সরকারি পৃষ্ঠপোষকতা ও সহায়তা প্রদানের উদ্দেশ্যে চলচ্চিত্র অনুদান কমিটির সর্বসম্মত সিদ্ধান্তের ভিত্তিতে নির্বাচিত গল্প/কাহিনী/চিত্রনাট্য অবলম্বনে নিম্নের ছকে উল্লিখিত চলচ্চিত্র নির্মাণের নিমিত্ত প্রযোজককে ২০১৩-২০১৪ অর্থ বছরে নিম্নেবর্ণিত শর্তে অনুদান প্রদান এবং গল্প লেখক ও চিত্রনাট্যকারকে উৎসাহ পুরস্কার প্রদানের জন্য সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছে ঃ

**সাধারণ শাখা ঃ**

| ক্রঃ | চলচ্চিত্রের নাম | গল্প লেখক/চিত্রনাট্যকার | পরিচালকের নাম | প্রযোজকের নাম |
|---|---|---|---|---|
| (১) | 'নদী উপাখ্যান' | জনাব কামরুল আহসান<br>জনাব ইমদাদুল হক মিলন | জনাব নাদের চৌধুরী | জনাব নাদের চৌধুরী |

| ক্রঃ | চলচ্চিত্রের নাম | গল্প লেখক/চিত্রনাট্যকার | পরিচালকের নাম | প্রযোজকের নাম |
|---|---|---|---|---|
| (২) | 'কাসার থালায় রুপালী চাঁদ' | জনাব ড্যানি সিডাক | জনাব ড্যানি সিডাক | জনাব ড্যানি সিডাক |
| (৩) | 'সুতপার ঠিকানা' | জনাব প্রসূন রহমান | জনাব প্রসূন রহমান | জনাব প্রসূন রহমান |
| (৪) | 'ছিটকিনি' | জনাব সাজেদুল আউয়াল | জনাব সাজেদুল আউয়াল | জনাব সাজেদুল আউয়াল |
| (৫) | 'মহুয়া মঙ্গল' | বেগম রওশন আরা নীপা | বেগম রওশন আরা নীপা | বেগম রওশন আরা নীপা |

**শিশুতোষ শাখা ঃ**

| | | | | |
|---|---|---|---|---|
| (১) | 'পঞ্চসঙ্গী' | জনাব শওকত ওসমান<br>জনাব লালিম হক | জনাব জাঁ নেসার ওসমান | জনাব জাঁ নেসার ওসমান |
| (২) | 'লাল সবুজের সুর' | জনাব মোঃ মুশফিকুর রহমান গুলজার<br>জনাব ফরিদুর রেজা সাগর | জনাব মোঃ মুশফিকুর রহমান গুলজার | জনাব মোঃ মুশফিকুর রহমান গুলজার |

**অনুদানের শর্তাবলি ঃ**

(১) সরকারের পূর্বানুমতি ব্যতীত গল্প/চিত্রনাট্যের কোনো পরিবর্তন করা যাবে না;

(২) অনুদানপ্রাপ্ত চলচ্চিত্র নির্মাণ অনুদানের প্রথম চেক প্রাপ্তির ৯ (নয়) মাসের মধ্যে সমাপ্ত করতে হবে। তবে (প্রযোজকের আবেদনের প্রেক্ষিতে বিশেষ অবস্থার প্রেক্ষিতে স্ক্রীপ্টের প্রয়োজনে সরকার উক্ত সময় বৃদ্ধি করতে পারবে;

(৩) অনুদানে নির্মিত প্রতিটি ছবির প্রক্ষেপণ সময় (স্থিতি) ২ ঘণ্টার বেশী না হওয়া বাঞ্ছনীয়। তবে বিশেষ প্রয়োজন সাপেক্ষে অনুদান কমিটির বিবেচনায় সঙ্গত মনে হলে প্রক্ষেপণ সময়সীমা বৃদ্ধি করা যাবে;

(৪) অনুদান প্রাপ্তির জন্য নির্বাচিত চলচ্চিত্র নির্মাণ শুরু করার নিমিত্ত অনুদানের ১ম কিস্তির ৩০% অর্থ প্রদান করা হবে। অনধিক ৩ মাসের মধ্যে ছবির কমপক্ষে ৩০% ভাগ চিত্রায়নের পর অনুদান কমিটি কর্তৃক চিত্রায়িত অংশ সন্তোষজনক বিবেচিত হলে অনুদানের দ্বিতীয় কিস্তিতে ৩৫ মি.মি. ফরমেটে নির্মিত চলচ্চিত্রকে অনূর্ধ্ব আরো ৫০% এবং ডিজিটাল ফরমেটে নির্মিত চলচ্চিত্রকে অনূর্ধ্ব আরো ৩০% অর্থ প্রদান করা হবে। তবে (প্রযোজকের আবেদনের প্রেক্ষিতে) স্ক্রীপ্টের প্রয়োজনে বিশেষ বিবেচনায় এ সময় বৃদ্ধি করা যাবে;

(৫) ৩৫ মি. মি. ফরমেটে নির্মিত চলচ্চিত্রের ক্ষেত্রে সম্পূর্ণ চলচ্চিত্রের সম্পাদিত রাশ ও ডাবিংকৃত সংলাপ অনুদান কমিটি কর্তৃক পরীক্ষার পর কমিটির সুপারিশ সাপেক্ষে অবশিষ্ট শতকরা ২০ ভাগ অর্থ প্রদান করা হবে এবং ডিজিটাল ফরমেটে নির্মিত চলচ্চিত্রের ক্ষেত্রে সম্পাদিত রাশ ও ডাবিংকৃত সংলাপ অনুদান কমিটি কর্তৃক পরীক্ষাপূর্বক ৩৫ মি. মি. ফরমেটে রুপান্তরের বিষয়টি নিশ্চিত হওয়ার পরে অবশিষ্ট শতকরা ৪০ ভাগ অর্থ প্রদান করা হবে;

(৬) অনুদানে নির্মিত চলচ্চিত্র মৌলিক নয় বলে প্রমাণিত হলে প্রযোজক অনুদান হিসেবে গৃহীত সমুদয় অর্থ ও সেবার মূল্য রাষ্ট্রীয় কোষাগারে প্রচলিত সুদসহ ফেরত দিতে বাধ্য থাকবেন;

(৭) উপযুক্ত কারণ ছাড়া যদি প্রযোজক অনুদানপ্রাপ্ত চলচ্চিত্র নির্মাণ অসম্পূর্ণ অবস্থায় ফেলে রাখেন তবে এ চলচ্চিত্রের নির্মাণের সাথে জড়িত সকল মালামাল ও বিষয় সম্পত্তি সরকার গ্রহণ করার অধিকার সংরক্ষণ করে এবং প্রদত্ত অনুদানের অর্থ সম্পূর্ণভাবে ফেরত পাওয়ার জন্য যে কোনো ব্যবস্থা গ্রহণ করতে পারবে;

(৮) নির্মিত চলচ্চিত্রের ভাষা ও বিষয়বস্তু অবশ্যই জেন্ডার সংবেদনশীল হতে হবে;

(৯) অনুদান প্রদানের পরও সরকার যে কোন যুক্তিসংগত শর্ত আরোপ করতে পারবে;

(১০) অনুদানপ্রাপ্ত চলচ্চিত্র সকল শিল্পী/কলাকুশলী বাংলাদেশী নাগরিক হতে হবে। তবে বিশেষ ভূমিকায় অংশগ্রহণের জন্য যদি কোনো বিদেশী কলাকুশলীদের প্রয়োজন হয়, মন্ত্রণালয়ের বিশেষ অনুমতিক্রমে উক্তরূপ কলাকুশলীরা অংশগ্রহণ করতে পারবেন;

(১১) উপরের ছকে বর্ণিত প্রস্তাবিত চলচ্চিত্র নির্মাণের জন্য প্রত্যেক প্রযোজক ৩৫,০০,০০০/- (পঁয়ত্রিশ লক্ষ) টাকা অর্থ অনুদান পাবেন;

(১২) উক্ত আর্থিক অনুদান ছাড়াও চলচ্চিত্রের প্রযোজক চলচ্চিত্র নির্মাণের জন্য বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন (বিএফডিসি) থেকে সর্বোচ্চ ১০ (দশ) লক্ষ টাকা মূল্যমানের সার্ভিস/সেবা বিনামূল্যে পাবেন, যা কোনক্রমেই নগদায়ন করা যাবে না;

(১৩) অনুদানপ্রাপ্ত চলচ্চিত্রের গল্প/কাহিনী/চিত্রনাট্যের জন্য গল্প লেখক/চিত্রনাট্যকারগণ সমহারে ভাগ করে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা উৎসাহ পুরস্কার পাবেন;

(১৪) সরকারি অনুদানে নির্মিত চলচ্চিত্র রাষ্ট্রীয় প্রয়োজনে বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক দিবস এবং দেশী-বিদেশী চলচ্চিত্র উৎসবে প্রযোজককে অবহিত রেখে অবাণিজ্যিক ভিত্তিতে প্রদর্শনের অধিকার সরকার সংরক্ষণ করবে;

(১৫) অনুদানের অর্থ গ্রহণের পর অনুমোদিত সময়ের মধ্যে চলচ্চিত্র নির্মাণ না করা হলে প্রযোজককে সমুদয় অর্থ রাষ্ট্রীয় কোষাগারে জমা দিতে হবে;

(১৬) কোনো প্রযোজক অনুদানের অর্থ গ্রহণের পরে দ্রব্যমূল্য বৃদ্ধিজনিত সমস্যা কিংবা অন্য কোনো অজুহাতে অনুদানের অর্থ বৃদ্ধি কিংবা অন্য কোনো ধরণের কোনো সুবিধা দাবী করতে পারবেন না;

(১৭) নির্মিত চলচ্চিত্র জনসাধারণের জন্য প্রদর্শনের পূর্বে বিধি মোতাবেক বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ডের সনদপত্র গ্রহণ করতে হবে;

(১৮) সরকারি অনুদানে নির্মিত চলচ্চিত্রের স্বত্ব কোনোভাবেই হস্তান্তর করা যাবে না;

(১৯) প্রযোজককে চলচ্চিত্র অনুদান নীতিমালার বিধানাবলি যথাযথভাবে প্রতিপালন করতে হবে;

(২০) ডিজিটাল ফরম্যাটে চলচ্চিত্র নির্মাণের ক্ষেত্রে ন্যূনত 2K রেজুলেশন নিশ্চিত করতে হবে; এবং

(২১) উপর্যুক্ত শর্তসমূহ পালনকল্পে নির্বাচিত চলচ্চিত্রের প্রযোজক অনতিবিলম্বে সরকারের সঙ্গে চুক্তি স্বাক্ষর করবেন এবং চলচ্চিত্র ডিজিটাল ফরম্যাটে নাকি ৩৫ মি. মি. ফরম্যাটে নির্মাণ করবেন তা লিখিতভাবে অবহিত করবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**জি. এন. নজমুল হোসেন খান**
উপ-সচিব (চলচ্চিত্র)।

---

## গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
## যুগ্ম সচিব (প্রশাসন-৩)

### প্রজ্ঞাপন

তারিখ, ৪ জুন ২০১৪

**নং ২৫.০১৮.০০৫.০২.০০.০০৮.২০১২-১১০**—স্মারক নং ২৫.০১৮.০০৫.০২.০০.০০৮.২০১২-৬১, তারিখ ২৮-৩-২১২ মোতাবেক জনাব এ, বি, এম জালাল উদ্দিন, নির্বাহী প্রকৌশলী (সাময়িক বরখাস্ত) গাইবান্ধা গণপূর্ত বিভাগ, গাইবান্ধা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধি ১৯৮৫ এর ৩(বি) ও ৩(ডি) এর আওতায় “অসদাচরণ” ও “দুর্নীতি” অভিযোগে বিভাগীয় মামলা রুজু করা হইয়াছিল। যেহেতু রীট মামলা নং ৪৯২১/১২ এর আলোকে মহামান্য হাইকোর্টের আদেশে ২৮-৩-১২ এবং ১৪-৪-১২ তারিখের ইস্যুকৃত পত্রদুটির Legal effect নাই এবং the Rule is made absolute করা হইয়াছে। সেহেতু জনাব এ, বি, জালাল উদ্দিন, নির্বাহী প্রকৌশলী (সাময়িক বরখাস্ত) গাইবান্ধা গণপূর্ত বিভাগ, গাইবান্ধা এর সাময়িক বরখাস্ত সংক্রান্ত আদেশ এতদ্বারা প্রত্যাহার করিয়া তাহাকে চাকুরীতে পুনঃবহাল করা হইল।

২। জনাব এ, বি, এম জালাল উদ্দিন, নির্বাহী প্রকৌশলী (সাময়িক বরখাস্ত) গাইবান্ধা গণপূর্ত বিভাগ, গাইবান্ধা এর সাময়িক বরখাস্তের সময়কাল কর্মরত ছিলেন বলিয়া গণ্য হইবে, তিনি উক্ত সময়ের প্রাপ্য বেতনও বাংলাদেশ চাকুরী বিধি ৭১/৭২ মতে স্বপদে, স্বস্থানে যোগদান এবং অন্যান্য ভাতাদি প্রাপ্য হইবেন।

৩। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ গোলাম রব্বানী**
ভারপ্রাপ্ত সচিব।

---

## পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
## প্রশাসন-০৩ অধিশাখা

### প্রজ্ঞাপন

তারিখ, ৬ জ্যৈষ্ঠ ১৪২১/২০ মে ২০১৪

**নং ৫২.০০৭.০০৪.০০.৪৩৬.২০১২-১৫৬(১)**—যেহেতু, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, জনাব মোঃ আবু তাহের ভূইয়া উপজেলা পরিসংখ্যান কার্যালয়, মনোহরগঞ্জ, কুমিল্লার বিরুদ্ধে ২০১২ সালে অফিসের কম্পিউটার ও মটর সাইকেল অন্য উপজেলা লাকসাম নিজ বাসায় রেখে পারিবারিক কাজে ব্যবহার করেন। তিনি লাঙ্গলকোট উপজেলা পরিসংখ্যান অফিসের অতিরিক্ত দায়িত্ব পালন করেছেন এবং বিভিন্ন ভাউচারের মাধ্যমে সংশ্লিষ্ট খাতে বরাদ্দকৃত টাকা উত্তোলন করে স্টেশনারী ও অন্যান্য মালামাল ক্রয় করেন। যার ভাউচার আছে কিন্তু বাস্তবে মালামালের কোন অস্তিত্ব নেই। তিনি মাসে ৪/৫ দিনের বেশি অফিস করেননি এবং অননুমোদিতভাবে অফিসে অনুপস্থিত থাকেন। একজন দায়িত্বশীল সরকারি কর্মকর্তা হিসেবে তাঁর এহেন কার্যকলাপ ও লেনদেন যাহা সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ২(এফ) এবং ৩(ডি) অনুযায়ী অসদাচরণ ও আর্থিক অনিয়মের কারণে তার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত নেওয়া হয়;

যেহেতু, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের ৯-১২-২০১২ তারিখের ৫২.০০৭.০০৪.০০.০০.০১.৪৩৬.২০১২-১১২৩ নং স্মারকে তার বিরুদ্ধে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী জারি করা হয়, তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ২(এফ) ধারায় অভিযুক্ত করে এবং ৩(ডি) বিধি অনুযায়ী দুর্নীতির অভিযোগ আনয়ন করা হয়। এ বিধিমালার ৪(৩) (সি) ধারা অনুযায়ী কেন তাকে চাকুরী হতে অপসারণ (Removal From Service) করা হবে না অথবা অন্য কোন শাস্তি প্রদান করা হবে না, তা অভিযোগ প্রাপ্তির দশ কার্য দিবসের মধ্যে লিখিতভাবে জানানো এবং আত্মপক্ষের সমর্থনে তিনি ব্যক্তিগত শুনানী চান কি না তাও জানানোর জন্য নির্দেশ দেওয়া হয়;

যেহেতু, জনাব মোঃ আবু তাহের ভূইয়া ৯-১২-২০১২ তারিখের অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর প্রেক্ষিতে লিখিত জবাব প্রদান করেন এবং ১৩-২-২০১৩ তারিখে তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়; এবং

যেহেতু, জনাব মোঃ আবু তাহের ভূইয়া এর লিখিত ও ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য গ্রহণযোগ্য না হওয়ায় কর্তৃপক্ষ কর্তৃক যথাযথ বিবেচনায় উক্ত বিভাগীয় মামলা তদন্ত করতঃ প্রতিবেদন দেওয়ার জন্য ১৯-২-২০১৩ তারিখের ৫২.০০৭.০০৪.০০.০০.০১.৪৩৬.১৯৮৮-৯১ নং স্মারকে জনাব নূরুউদ্দিন আহম্মদ, যুগ্ম-পরিচালক বিবিএসকে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়, পরবর্তীতে তদন্তকারী কর্মকর্তা ১৬-৩-২০১৩ তারিখে প্রতিবেদন দাখিল করেন;

সেহেতু, তদন্ত প্রতিবেদনে তার বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহীতভাবে প্রমাণিত হওয়ায় তাকে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর বিধি ৪(২) (ই) অনুসারে বেতন স্কেলে নিম্ন ধাপে অবনমিতকরণ (Reduction to a lower stage in the time scale) করার লঘুদন্ড আরোপ করা হলো। তিনি জাতীয় বেতন স্কেলের সপ্তম গ্রেড (১৫,০০০-৭০০×১৬-২৬,২০০/-) এর বর্তমান মূল বেতন ২২,৭০০/- টাকার পরিবর্তে ২২,০০০/- টাকায় অবস্থান করবেন।

**মোঃ নজিবুর রহমান**
সচিব।

---

## বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
## বিদ্যুৎ বিভাগ
## প্রশাসন-১ অধিশাখা

### প্রজ্ঞাপন

তারিখ, ১২ জুন ২০১৪

**নং ২৭.০০.০০০০.০৪১.০১৪.০০২.২০১৩.৯৪১**—জনপ্রশাসন মন্ত্রণালয়ের স্মারক নং ০৫.০০.০০০০.১৫০.১৫.০০২. ২০১৩-৮৮,

তারিখ, ২৯-৪-২০১৩ এবং অর্থ বিভাগের রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান অনুবিভাগের স্মারক নং ০৭.০০.০০০০.১২৬.১৫.০০৫. ১৩-১৯৯ তারিখ, ১৫-৯-২০১৩ ও অনুবিভাগের স্মারক নং ০৭.০০.০০০০. ১৬২.২৭.০১০.১৩-৫২ তারিখ, ৩১-৩-২০১৪ সংখ্যক পত্রের সম্মতির পরিপ্রেক্ষিতে বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বিদ্যুৎ বিভাগের অধীনে 'টেকসই ও নবায়নযোগ্য জ্বালানী উন্নয়ন কর্তৃপক্ষ' [Sustainable and Renewable Energy Development Authority (SREDA)] এর নিম্নবর্ণিত ৭ (সাত)টি পদ ৩১-৫-২০১৪ পর্যন্ত অস্থায়ীভাবে সৃজন সরকারি মঞ্জুরী জ্ঞাপন করছি ঃ

| ক্রঃ নং | পদের নাম ও সংখ্যা | বাস্তবায়ন অনুবিভাগ কর্তৃক নির্ধারণকৃত বেতন স্কেল, ২০০৯ |
|---|---|---|
| (১) | চেয়ারম্যান-০১ (এক)টি | ৩৩,৫০০-৩৯,৫০০/- (২নং স্কেল) |
| (২) | সদস্য (নীতি ও গবেষণা)-০১(এক)টি | ২৯,০০০-৩৫,৬০০/- (৩নং স্কেল) |
| (৩) | সদস্য (জ্বালানী দক্ষতা ও সংরক্ষণ)-০১ (এক)টি | ২৯,০০০-৩৫,৬০০/- (৩নং স্কেল) |
| (৪) | সদস্য (নবায়নযোগ্য জ্বালানী)-০১ (এক)টি | ২৯,০০০-৩৫,৬০০/- (৩নং স্কেল) |
| (৫) | সদস্য (প্রশাসন)০১ (এক)টি | ২৯,০০০-৩৫,৬০০/- (৩নং স্কেল) |
| (৬) | সদস্য (অর্থ)-০১ (এক)টি | ২৯,০০০-৩৫,৬০০/- (৩নং স্কেল) |
| (৭) | সচিব-০১ (এক)টি | ২২,২৫০-৩১,২৫০/- (৫নং স্কেল) |

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

**শেখ শোয়েবুল আলম**
উপ-সচিব।

**ভূমি মন্ত্রণালয়**
**অধিগ্রহণ অধিশাখা-০১**
**এল এ কেস নং ৩৬ জি/১৯৮০**

**ফরম ঘ**

**ঘোষণা**

**[সম্পত্তি অধিগ্রহণের জন্য ৫(৭) ধারা অনুযায়ী নোটিশ]**

তারিখ, ১১ জ্যৈষ্ঠ ১৪২১/২৫ মে ২০১৪

**নং ৩১.০০.০০০০.০৪৭.৩৪.০৩৬.১৪-১৬১**—যেহেতু নিম্ন তফসিলে বর্ণিত সম্পত্তিসমূহ ১৯৪৮ সালের সম্পত্তি (জরুরী) হুকুম দখল আইন (১৯৪৮ সালেন ১৩ নং আইন) এর '৩' ধারা অনুযায়ী ৫-১২-১৯৮০ তারিখের আদেশ দ্বারা হুকুম দখল করা হইয়াছে;

এবং যেহেতু উক্ত সম্পত্তিসমূহ হুকুম দখলের আওতাধীন রহিয়াছে এবং যেহেতু উক্ত আইনের ৫ ধারার (৫) উপধারা অনুযায়ী প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তিসমূহ অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন;

সেহেতু, উক্ত আইনের ৫ ধারার (৭) উপ-ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানান যাইতেছে যে, নিম্ন তফসিলে বর্ণিত উক্ত হুকুম দখলকৃত সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হইল ঃ

**তফসিল**

মৌজাঃ আগুনের তাইড়, জে এল নং ১৭, উপজেলাঃ গাবতলী, জেলাঃ বগুড়া।

| দাগ নং | জমির পরিমাণ (একরে) |
|---|---|
| ২০৭১ | ০.৮৭ |
| ২০৭২ | ০.০৪ |
| ২০৭৩ | ০.০৫ |
| | সর্বমোট = ১.০০ একর |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ দেলোয়ার হোসেন**
উপসচিব।

**এল এ কেস নং ০৩ জি/১৯৮০**
**ফরম ঘ**

**ঘোষণা**

**[সম্পত্তি অধিগ্রহণের জন্য ৫(৭) ধারা অনুযায়ী নোটিশ]**

তারিখ, ১১ জ্যৈষ্ঠ ১৪২১/২৫ মে ২০১৪

**নং ৩১.০০.০০০০.০৪৭.৩৪.০৩৭.১৪-১৬২**—যেহেতু নিম্ন তফসিলে বর্ণিত সম্পত্তিসমূহ ১৯৪৮ সালের সম্পত্তি (জরুরী) হুকুম দখল আইন (১৯৪৮ সালেন ১৩ নং আইন) এর '৩' ধারা অনুযায়ী ১৫-৭-১৯৮০ তারিখের আদেশ দ্বারা হুকুম দখল করা হইয়াছে;

এবং যেহেতু উক্ত সম্পত্তিসমূহ হুকুম দখলের আওতাধীন রহিয়াছে এবং যেহেতু উক্ত আইনের ০৫ ধারার (৫) উপধারা অনুযায়ী প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তিসমূহ অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন;

সেহেতু, উক্ত আইনের ৫ ধারার (৭) উপ-ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানান যাইতেছে যে, নিম্ন তফসিলে বর্ণিত উক্ত হুকুম দখলকৃত সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হইল ঃ

**তফসিল**

মৌজাঃ নিশিন্দারা, জে এল নং ৮০, উপজেলাঃ বগুড়া সদর, জেলাঃ বগুড়া।

| দাগ নং | জমির পরিমাণ (একরে) |
|---|---|
| ৩৫৬৮ | ০.২০ |
| ৩৫৬৯ | ০.৫৬ |
| ৩৫৭০ | ০.০৬ |
| ৩৫৮৪ | ০.০১ |
| ৩৫৮৫ | ০.০২ |
| ৩৫৮৭ | ০.২০ |
| | সর্বমোট = ১.০৫ একর |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ দেলোয়ার হোসেন**
উপসচিব।

**এল এ কেস নং ৬ মিস/১৯৬৫**

**ফরম ঘ**

**ঘোষণা**

**[সম্পত্তি অধিগ্রহণের জন্য ৫(৭) ধারা অনুযায়ী নোটিশ]**

তারিখ, ১১ জ্যৈষ্ঠ ১৪২১/২৫ মে ২০১৪

**নং ৩১.০০.০০০০.০৪৭.৩৪.০৩৮.১৪-১৬৩**—যেহেতু নিম্ন তফসিলে বর্ণিত সম্পত্তিসমূহ ১৯৪৮ সালের সম্পত্তি (জরুরী) হুকুম দখল আইন (১৯৪৮ সালেন ১৩ নং আইন) এর '৩' ধারা অনুযায়ী ২০-৩-১৯৬৫ তারিখের আদেশ দ্বারা হুকুম দখল করা হইয়াছে;

এবং যেহেতু উক্ত সম্পত্তিসমূহ হুকুম দখলের আওতাধীন রহিয়াছে এবং যেহেতু উক্ত আইনের ৫ ধারার (৫) উপধারা অনুযায়ী প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তিসমূহ অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন;

সেহেতু, উক্ত আইনের ৫ ধারার (৭) উপ-ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানান যাইতেছে যে, নিম্ন তফসিলে বর্ণিত উক্ত হুকুম দখলকৃত সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হইল ঃ

**তফসিল**

মৌজাঃ মহাস্থানগড়, জে এল নং ২৪৫, উপজেলাঃ শিবগঞ্জ, জেলাঃ বগুড়া।

| দাগ নং (সিএস) | জমির পরিমাণ (একরে) |
|---|---|
| ১৩৪০ | ০.১৪০০ |
| ১৩৪১ | ০.০৯০০ |
| ১৩৪২ | ০.৬৮০০ |
| ১৩৪৩ | ০.১২০০ |
| ১৩৪৮ | ০.১৩০০ |
| ১৩৪৯ | ০.২০০০ |
| ১০৬১ | ০.০৪০০ |
| ১০৬২ | ০.০৯০০ |
| ১০৬৩ | ০.১৩০০ |
| ১০৬৪ | ০.৪৮০০ |
| ১০৬৫ | ০.১৭০০ |
| ১৫৩৭ | ০.৩১০০ |
| ১৫৩৮ | ০.২৬০০ |
| ১৫৩৯ | ০.২৩০০ |
| | সর্বমোট = ৩.০৭০০ একর |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ দেলোয়ার হোসেন**
উপসচিব।

---

**এল এ কেস নং ৭৮(বি)/১৯৭৭-৭৮**

**ফরম ঘ**

**ঘোষণা**

**[সম্পত্তি অধিগ্রহণের জন্য ৫(৭) ধারা অনুযায়ী নোটিশ]**

তারিখ, ২৭ মে ২০১৪

**নং ৩১.০০.০০০০.০৪৮.৩৪.০৬৫.১৪-১২৫**—যেহেতু নিম্ন তফসিলে বর্ণিত সম্পত্তি/সম্পত্তিসমূহ ১৯৪৮ সালের সম্পত্তি (জরুরী) হুকুম দখল আইন (১৯৪৮ সনের ১৩ নং আইন) এর ৩ ধারা মোতাবেক ১০-৩-১৯৭৮ তারিখের আদেশ দ্বারা হুকুম দখল করা হয়েছে;

এবং যেহেতু উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ হুকুম দখলের আওতাধীন রহিয়াছে এবং যেহেতু উক্ত আইনের ৫ (৫) ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করেছেন;

সেহেতু, উক্ত আইনের ৫ (৭) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানান যাচ্ছে যে, নিম্ন তফসিলে বর্ণিত উক্ত হুকুম দখলকৃত সম্পত্তি/সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হলো ঃ

**তফসিল**

মৌজাঃ দক্ষিণ দুধরিয়া, জে এল নং ১৪০, উপজেলাঃ নলছিটি, জেলাঃ ঝালকাঠি।

| খতিয়ান নং | দাগ নং | আংশিক/ পূর্ণ | অধিগ্রহণকৃত জমির পরিমাণ | |
|---|---|---|---|---|
| | | | একর | শতাংশ |
| ২০৭ | ২৪৩ | আংশিক | ০ | ০২ |
| ১৮৪ | ২৪৯ | ,, | ০ | ০৪ |
| ৪,১৮৪ | ২৫০ | ,, | ০ | ১৩ |
| ১৯১ | ২৫১ | পূর্ণ | ০ | ১৪ |
| ২১, ১২৩, ১৯১ | ২৫২ | ,, | ০ | ১১ |
| ১৯১ | ২৫৩ | ,, | ০ | ১১ |
| ২১, ১২৩, ১৯১ | ২৫৪ | ,, | ০ | ৩৬ |
| ১৯১ | ২৫৫ | আংশিক | ০ | ১২ |
| ১৯১ | ২৫৬ | পূর্ণ | ০ | ২৪ |
| ২২, ২৩, ৩৫,৩৭, ১৩৮, ১৪৮, ২২৫ | ২৫৭ | আংশিক | ০ | ৮৪ |

সর্বমোট জমির পরিমাণ= ২.১১ একর

জমির নক্সা জেলা প্রশাসক, ঝালকাঠি এর কার্যালয়ের ভূমি অধিগ্রহণ শাখায় দেখা যেতে পারে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সিরাজুল ইসলাম**
যুগ্মসচিব।

---

**এল,এ কেস নং-৭৬(বি)১৯৭৭-৭৮**

**ফরম ঘ**

**ঘোষণা**

**সম্পত্তি অধিগ্রহণের জন্য ৫(৭) ধারা মোতাবেক নোটিশ**

তারিখ, ২৭ মে ২০১৪

নং **৩১-০০.০০০০.০৪৮.৩৪.০৬৬.১৪-১২৬**—যেহেতু নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি/সম্পত্তিসমূহ ১৯৪৮ সনের সম্পত্তি (জরুরি) হুকুম দখল আইন (১৯৪৮ সনের ১৩নং আইন) এর ৩ ধারা মোতাবেক ২৭-০২-১৯৭৮ খ্রিঃ তারিখের আদেশ দ্বারা হুকুম দখল করা হয়েছে; এবং

যেহেতু, উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ হুকুম দখলের আওতাধীন রয়েছে এবং যেহেতু উক্ত আইনের ৫ (৫) ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করেছেন;

সেহেতু, উক্ত আইনের ৫ (৭) ধারার প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানানো যাচ্ছে যে, নিম্ন তফসিল বর্ণিত উক্ত হুকুমদখলকৃত সম্পত্তি/সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হইল ঃ

**তফসিল**

জেলা-ঝালকাঠি, উপজেলা-ঝালকাঠি, মৌজা-১০৫ নং মানপাশা।

| খতিয়ান নং | দাগ নং | আংশিক/ পূর্ণ | অধিগ্রহণকৃত জমির পরিমাণ | |
|---|---|---|---|---|
| | | | একর | শতাংশ |
| ৩৮২ | ১৭ | পূর্ণ | ০ | .৩৪ |

**সর্বমোট জমির পরিমাণ=.৩৪ একর।**

জমির নকশা জেলা প্রশাসক, ঝালকাঠি এর কার্যালয়ের ভূমি অধিগ্রহণ শাখায় দেখা যেতে পারে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সিরাজুল ইসলাম**
যুগ্মসচিব।

---

**এল.এ. কেস নং-১৫৬(বি)৭৭-৭৮**
**সম্পত্তি অধিগ্রহণের জন্য ৫(৭) ধারা মোতাবেক নোটিশ**

তারিখ, ২৭ মে ২০১৪

নং **৩১.০০.০০০০.০৪৮.৩৪.০৬৭.১৪-১২৭**—যেহেতু নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি/সম্পত্তিসমূহ ১৯৪৮ সনের সম্পত্তি (জরুরি) হুকুম দখল আইন (১৯৪৮ সনের ১৩নং আইন) এর ৩ ধারা মোতাবেক ২০-০৩-১৯৭৮ তারিখের আদেশ দ্বারা হুকুম দখল করা হয়েছে; এবং

যেহেতু, উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ হুকুম দখলের আওতাধীন রয়েছে এবং যেহেতু উক্ত আইনের ৫ (৫) ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করেছেন;

সেহেতু, উক্ত আইনের ৫ (৭) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানানো যাচ্ছে যে, নিম্ন তফসিল বর্ণিত উক্ত হুকুমদখলকৃত সম্পত্তি/সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হইল ঃ

**তফসিল**

জেলা-ঝালকাঠি, উপজেলা-নলছিটি, মৌজা-১০৪নং ফয়রা।

| খতিয়ান নং | দাগ নং | আংশিক/ পূর্ণ | অধিগ্রহণকৃত জমির পরিমাণ | |
|---|---|---|---|---|
| | | | একর | শতাংশ |
| ৩৬৬, ৩০৯ | ৭২১ | পূর্ণ | ০ | ৩৬ |
| ৩৬৬, ৩০৯ | ৭২২ | ,, | ০ | ১৪ |
| ৩৬৯ | ৭৩২ | আংশিক | ০ | ১৭ |
| ১৯৩ | ৭৩৩ | পূর্ণ | ০ | ১৬ |
| ৩ | ৭৩৪ | আংশিক | | ১০ |
| ৫৯৪, ৩১১, ৪২৭ | ৭৩৮ | পূর্ণ | ০ | ২৮ |

**সর্বমোট জমির পরিমাণ=১.২১ একর।**

জমির নকশা জেলা প্রশাসক, ঝালকাঠি এর কার্যালয়ের ভূমি অধিগ্রহণ শাখায় দেখা যেতে পারে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সিরাজুল ইসলাম**
যুগ্মসচিব।

**জরিপ শাখা-২(অপারেশন)**

**বিজ্ঞপ্তিসমূহ**

তারিখ, ০১ জ্যৈষ্ঠ ১৪২১/১৮ মে ২০১৪

নং **৩১.০০.০০০০.০৩৬.৩৪.০৪০.১২.১১১**—১৯৫৫ সনের প্রজাস্বত্ব বিধিমালার ৩৪(২) বিধি মোতাবেক বাংলাদেশ সরকার কর্তৃক এ মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, ১৯৫০ সনের রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন (১৯৫১ সনের ২৮নং আইন) এর ১৪৪ ধারাধীন ৭নং উপ-ধারা মোতাবেক নিম্নবর্ণিত তফসিলভুক্ত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে ঃ

| ক্রমিক নং | মৌজার নাম | জে, এল, নং | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|
| (১) | তাজপুর | ১৭ | ফুলতলা | খুলনা |
| (২) | নৈহাটী | ৩০ | রূপসা | খুলনা |
| (৩) | আরমই পাঁচআনি | ৪৭ | রূপসা | খুলনা |
| (৪) | চাড়াদহ | ১৩১ | সদর উপজেলা | বাগেরহাট |
| (৫) | সাতবাড়িয়া | ২৭ | ফকিরহাট | বাগেরহাট |
| (৬) | ভট্টখামার | ৫১ | ফকিরহাট | বাগেরহাট |
| (৭) | খরিবুনিয়া | ৫৩ | ফকিরহাট | বাগেরহাট |
| (৮) | শ্রীকৃষ্ণপুর | ৫৫ | ফকিরহাট | বাগেরহাট |

তারিখ, ১২ জ্যেষ্ঠ ১৪২১/২৬ মে ২০১৪

নং **৩১.০৩৬.০৩৩.০০.০০.১৯৮.২০১০.১১৫**—১৯৫৫ সনের প্রজাস্বত্ব বিধিমালার ৩৪(২) বিধি মোতাবেক বাংলাদেশ সরকার কর্তৃক এ মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, ১৯৫০ সনের রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন (১৯৫১ সনের ২৮নং আইন) এর ১৪৪ ধারাধীন ৭নং উপ-ধারা মোতাবেক নিম্নবর্ণিত তফসিলভুক্ত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে ঃ

| ক্রমিক নং | মৌজার নাম | জে, এল, নং | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|
| (১) | উজান ঢাকী | ১৩ | বিয়ানীবাজার | সিলেট |
| (২) | দত্তগ্রাম | ২১ | বিয়ানীবাজার | সিলেট |
| (৩) | গোলা | ২৭ | বিয়ানীবাজার | সিলেট |
| (৪) | হাজরাপাড়া | ৩৭ | বিয়ানীবাজার | সিলেট |
| (৫) | পইলগ্রাম চক | ৩৮ | বিয়ানীবাজার | সিলেট |
| (৬) | দক্ষিণবাগ | ৬৮ | বিয়ানীবাজার | সিলেট |
| (৭) | সুতারকান্দি | ১১১ | বিয়ানীবাজার | সিলেট |
| (৮) | গাঙ্গকুল | ১২০ | বিয়ানীবাজার | সিলেট |
| (৯) | গোরেক টেকা | ১২৯ | বিয়ানীবাজার | সিলেট |
| (১০) | স্বাস্তিপুর | ২৩ | নবীগঞ্জ | হবিগঞ্জ |
| (১১) | ফিরাছতপুর | ১১৯ | নবীগঞ্জ | হবিগঞ্জ |
| (১২) | ভরাকুনা | ১৪৬ | নবীগঞ্জ | হবিগঞ্জ |
| (১৩) | লিগাও | ২০২ | নবীগঞ্জ | হবিগঞ্জ |
| (১৪) | বনগাও দক্ষিণ | ২০৩ | নবীগঞ্জ | হবিগঞ্জ |
| (১৫) | গজনাইপুর | ২০৫ | নবীগঞ্জ | হবিগঞ্জ |
| (১৬) | বান্দাউড়া | ২০৬ | নবীগঞ্জ | হবিগঞ্জ |
| (১৭) | উহিশঙ্কর | ২০৯ | নবীগঞ্জ | হবিগঞ্জ |
| (১৮) | গোবিন্দপুর | ১৪ | লাখাই | হবিগঞ্জ |

| ক্রমিক নং | মৌজার নাম | জে, এল, নং | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|
| (১৯) | কল্যাণপুর | ২৪ | লাখাই | হবিগঞ্জ |
| (২০) | গুয়াকান্দি | ৩১ | লাখাই | হবিগঞ্জ |
| (২১) | সালদিঘা | ৩৭ | লাখাই | হবিগঞ্জ |
| (২২) | শুনেশ্বর চক্ | ৪১ | লাখাই | হবিগঞ্জ |
| (২৩) | দক্ষিণ আমানউল্লাপুর | ৫৬ | লাখাই | হবিগঞ্জ |
| (২৪) | আমানউল্লাপুর | ৫৯ | লাখাই | হবিগঞ্জ |
| (২৫) | মামুদপুর | ৬০ | লাখাই | হবিগঞ্জ |
| (২৬) | মানপুর | ৬২ | লাখাই | হবিগঞ্জ |
| (২৭) | লখনাউক্ | ৬৬ | লাখাই | হবিগঞ্জ |
| (২৮) | বুরোখালী | ১৪ | বানিয়াচং | হবিগঞ্জ |
| (২৯) | চান্দপুর | ৩১ | বানিয়াচং | হবিগঞ্জ |
| (৩০) | বেরিশাপুর | ৪৬ | বানিয়াচং | হবিগঞ্জ |
| (৩১) | আনোয়ারপুর | ৪৯ | বানিয়াচং | হবিগঞ্জ |
| (৩২) | সারঙ্গপুর | ৫১ | বানিয়াচং | হবিগঞ্জ |
| (৩৩) | বক্তারপুর | ৫২ | বানিয়াচং | হবিগঞ্জ |
| (৩৪) | পূর্ব্ব জলিলপুর | ৫৬ | বানিয়াচং | হবিগঞ্জ |
| (৩৫) | উজিয়ালপুর | ৬০ | বানিয়াচং | হবিগঞ্জ |
| (৩৬) | জত্রশী বাদে | ২০৪ | বানিয়াচং | হবিগঞ্জ |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুর্শিদা শারমিন**
সিনিয়র সহকারী সচিব।

---

**মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ, ০৭ জ্যৈষ্ঠ ১৪২১/২১ মে ২০১৪

নং **৪৮.০০.০০০০.০০১.০৫৬.০০১.২০০১-৩৭০**—সরকার ১৯৭২ সনের পিও নং-৯৪ এর আর্টিক্যাল ৭(১) অনুসারে বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট এর "বোর্ড অব ট্রাস্টিজ" নিম্নোক্ত ট্রাস্টিজ সমন্বয়ে পূনর্গঠন করিলেন ঃ

**বোর্ড অব ট্রাস্টিজ**

| | | | |
|---|---|---|---|
| (১) | মাননীয় প্রধানমন্ত্রী<br>গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার | - | চেয়ারম্যান |
| (২) | জনাব আ.ক.ম মোজাম্মেল হক, এমপি<br>মাননীয় মন্ত্রী, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় | - | ভাইস চেয়ারম্যান |
| (৩) | জনাব এইচ এন আশিকুর রহমান<br>সংসদ সদস্য ২৩ রংপুর-৫ | - | ট্রাস্টী |
| (৪) | জনাব ফরহাদ হোসেন<br>সংসদ সদস্য-৭৩ মেহেরপুর-১ | - | ঐ |
| (৫) | জনাব আ খ ম জাহাঙ্গীর হোসাইন<br>সংসদ সদস্য ১১৩ পটুয়াখালী-৩ | - | ঐ |
| (৬) | জনাব মোঃ আব্দুর রাজ্জাক<br>সংসদ সদস্য ১৩০, টাংগাইল-১ | - | ঐ |
| (৭) | সচিব, অর্থ মন্ত্রণালয় | - | ঐ |
| (৮) | সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় | - | ঐ |
| (৯) | সচিব, শিল্প মন্ত্রণালয় | - | ঐ |
| (১০) | ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট | - | ঐ (পদাধিকারবলে) |

২। এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুহাম্মদ নূর আলম**
উপসচিব (প্রশাসন)।

---

**যোগাযোগ মন্ত্রণালয়**
**সড়ক বিভাগ**
**সওজ গেজেটেড সংস্থাপন শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৮ মে ২০১৪

নং **৩৫.০২২.০২৫.০০.১০০.১৪.২০০৯-৩৯৫**—জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৭-০৫-২০১২ তারিখের ০৫.১৫৮.০১৫.০৪.০০.০২৭. ২০১০-১৬৪ সংখ্যক এবং অর্থ বিভাগের ১৯-০২-২০১৪ তারিখের ০৭.১৫৫.০১৫.৩৫.০০.০০২.২০০৭-১০১ সংখ্যক স্মারকের অনুবৃত্তিক্রমে সড়ক বিভাগের অধীনস্থ সড়ক ও জনপথ অধিদপ্তরের সাংগঠনিক কাঠামোর আওতায় ময়মনসিংহ জোন ও জামালপুর সার্কেল সৃজনের জন্য নিম্নোক্ত ০৪ (চার) টি প্রথম শ্রেণীর পদ স্থায়ীভাবে এবং অবশিষ্ট ১২ (বার) টি পদ বছর বছর সংরক্ষণের ভিত্তিতে অস্থায়ীভাবে সৃজনের সরকারি মঞ্জুরী নির্দেশক্রমে জ্ঞাপন করছি ঃ

**ময়মনসিংহ জোন :**

| ক্রমিক নং | সুপারিশকৃত পদের নাম | পদসংখ্যা | বেতনস্কেল/মন্তব্য |
|---|---|---|---|
| (১) | অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সিভিল) | ১ (এক) টি | টাঃ ২৯০০০—৩৫৬০০ |
| (২) | সহকারী প্রকৌশলী (সিভিল) | ১ (এক) টি | টাঃ ১১০০০—২০৩৭০ |
| (৩) | উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) | ১ (এক) টি | টাঃ ৮০০০—১৬৫৪০ |

| ক্রমিক নং | সুপারিশকৃত পদের নাম | পদসংখ্যা | বেতনস্কেল/মন্তব্য |
|---|---|---|---|
| (৪) | প্রধান সহকারী | ১ (এক) টি | টাঃ ৫৫০০—১২০৯৫ |
| (৫) | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ১ (এক) টি | টাঃ ৪৭০০—৯৭৪৮ |
| (৬) | ড্রাইভার | ১ (এক) টি | আউট সোর্সিং |
| (৭) | অফিস সহায়ক | ১ (এক) টি | আউট সোর্সিং |
| (৮) | নিরাপত্তা প্রহরী | ১ (এক) টি | আউট সোর্সিং |
| | মোট | ৮ (আট) টি | |

**জামালপুর সার্কেল :**

| ক্রমিক নং | সুপারিশকৃত পদের নাম | পদসংখ্যা | বেতনস্কেল/মন্তব্য |
|---|---|---|---|
| (১) | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সিভিল) | ১ (এক) টি | টাঃ ২৫৭৫০—৩৩৭৫০ |
| (২) | সহকারী প্রকৌশলী (সিভিল) | ১ (এক) টি | টাঃ ১১০০০—২০৩৭০ |
| (৩) | উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) | ১ (এক) টি | টাঃ ৮০০০—১৬৫৪০ |
| (৪) | প্রধান সহকারী | ১ (এক) টি | টাঃ ৫৫০০—১২০৯৫ |
| (৫) | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ১ (এক) টি | টাঃ ৪৭০০—৯৭৪৮ |
| (৬) | ড্রাইভার | ১ (এক) টি | আউট সোর্সিং |
| (৭) | অফিস সহায়ক | ১ (এক) টি | আউট সোর্সিং |
| (৮) | নিরাপত্তা প্রহরী | ১ (এক) টি | আউট সোর্সিং |
| | মোট | ৮ (আট) টি | |

২। নবসৃষ্ট ময়মনসিংহ জোন ও জামালপুর সার্কেল গঠনের যাবতীয় ব্যয় সড়ক ও জনপথ অধিদপ্তরের বাজেট বরাদ্দের সংশ্লিষ্ট খাত হতে বহন করা হবে।

৩। এতে জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ বিভাগের সম্মতি এবং অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগ কর্তৃক বেতন নির্ধারণসহ সকল আনুষ্ঠানিকতা পালন করা হয়েছে।

**শাহ আলম মুকুল**
সিনিয়র সহকারী সচিব।

---

**যুব ও ক্রীড়া মন্ত্রণালয়**
**ক্রীড়া-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২২ মে ২০১৪

নং **৩৪.০০.০০০০.০৭১.০০৯.২১১.২০১৪-৩৩৯**—জাতীয় ক্রীড়া পরিষদ আইন, ১৯৭৪ (হালনাগাদ সংশোধিত) এর অনুচ্ছেদ ৪(১) এর (জে) এবং অনুচ্ছেদ ১১(১) এর (আই) ধারার প্রদত্ত ক্ষমতাবলে সরকার কর্তৃক জাতীয় ক্রীড়া পরিষদে বিশিষ্ট ক্রীড়াবিদ হিসেবে জনাব মঞ্জুর হাসান মিন্টু এর স্থলে জাতীয় ক্রীড়া পুরস্কারপ্রাপ্ত বিশিষ্ট ক্রীড়াবিদ জনাব বাদল রায়-কে কার্যনির্বাহী কমিটির সদস্যসহ এর কোষাধ্যক্ষ পদে নিয়োগ প্রদান করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আবুল কালাম আজাদ**
সহকারী সচিব।

**শিক্ষা মন্ত্রণালয়**
**শাখা-১৯**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৪ জ্যৈষ্ঠ ১৪২১/২৮ মে ২০১৪

নং **শিম/শা:১৯/র:প্র:প্র:বি:-১/২০০৩/১৭৩**—রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় আইন, ২০০৩ এর ১০(১) ধারা মোতাবেক মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর উক্ত বিশ্ববিদ্যালয়ের সাময়িক দায়িত্বপ্রাপ্ত উপচার্য প্রফেসর ড. মোঃ মর্তুজা আলীকে উপচার্যের দায়িত্ব হতে অব্যাহতি প্রদানপূর্বক উক্ত বিশ্ববিদ্যালয়ের মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ রফিকুল আলম বেগকে নিম্নোক্ত শর্তে রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, রাজশাহী এর ভাইস চ্যান্সেলর নিয়োগ প্রদান করেছেন ঃ

(ক) ভাইস চ্যান্সেলর হিসেবে তাঁর নিয়োগের মেয়াদ ৪ (চার) বছর হবে। তবে মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর প্রয়োজন মনে করলে নির্ধারিত সময় শেষ হওয়ার পূর্বে তাঁর নিয়োগ আদেশ বাতিল করতে পারবেন।

(খ) ভাইস চ্যান্সেলর হিসেবে তিনি বর্তমান পদের বেতন ভাতাদি পাবেন।

(গ) তিনি ভাইস চ্যান্সেলর পদ সংশ্লিষ্ট অন্যান্য সুযোগ সুবিধা ভোগ করবেন।

(ঘ) তিনি বিশ্ববিদ্যালয়ের প্রধান নির্বাহী কর্মকর্তা হিসেবে সার্বক্ষণিক বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে অবস্থান করবেন।

(ঙ) এই নিয়োগ আদেশ তাঁর যোগদানের তারিখ থেকে কার্যকর হবে।

২। জনস্বার্থে এ আদেশ জারি করা হল।

মহামান্য রাষ্ট্রপতির ও চ্যান্সেলরের আদেশক্রমে

**লায়লা আরজুমান্দ বানু**
উপসচিব (বৃত্তি)।

---

**সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়**
**অধিশাখা-৪**

**প্রজ্ঞাপন**

তারিখ, ০৭ জ্যৈষ্ঠ ১৪২১/২১ মে ২০১৪

নং **সবিম/শাঃ৩/কপি-৩৭/২০০৮(অংশ-১)/১৭২**—কপিরাইট আইন, ২০০০ (২০০৫ সালে সংশোধিত) এর আওতায় মেধাস্বত্ব তথা সাহিত্যকর্ম, নাট্যকর্ম, সংগীতকর্ম, শিল্পকর্ম, চলচ্চিত্র (ফিল্ম), শব্দ রেকডিং, সম্প্রচার প্রোগ্রাম, কম্পিউটার প্রোগ্রাম ইত্যাদি সৃজনশীল কর্মের কপিরাইট লঙ্ঘন এবং পাইরেসির মাধ্যমে অডিও ভিডিও ক্যাসেট, সিডি, ভিসিডি, ডিভিডি, সফ্‌টওয়্যার ইত্যাদি প্রস্তুত ও বিক্রি বন্ধকল্পে সরকার নিম্নরূপভাবে একটি টাস্কফোর্স পুনর্গঠন করল ঃ

**আহ্বায়ক**

(১) যুগ্মসচিব (সংশ্লিষ্ট), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

**সদস্যবৃন্দ**

(২) উপসচিব (সংশ্লিষ্ট), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

(৩) প্রতিনিধি, স্বরাষ্ট্র মন্ত্রণালয়

(৪) প্রতিনিধি, মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ

(৫) প্রতিনিধি, র‌্যাব ফোর্সেস হেডকোয়ার্টার

(৬) প্রতিনিধি, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল

(৭) প্রতিনিধি, বাংলাদেশ রাইটার্স ক্লাব

(৮) প্রতিনিধি, বাংলাদেশ কম্পিউটার সমিতি

(৯) প্রতিনিধি, এলসিএস গিল্ড, বাংলাদেশ

(১০) প্রতিনিধি, বাংলাদেশ মিউজিক ইন্ডাস্ট্রিজ ওনার্স এসোসিয়েশন

(১১) প্রতিনিধি, বাংলাদেশ চলচ্চিত্র প্রযোজক পরিবেশক সমিতি

(১২) প্রতিনিধি, বাংলাদেশ জ্ঞান ও সৃজনশীল প্রকাশক সমিতি

(১৩) প্রতিনিধি, বাংলাদেশ পুস্তক প্রকাশক ও বিক্রেতা সমিতি

(১৪) প্রতিনিধি, বাংলাদেশ কপিরাইট এন্ড আইপি ফোরাম

**সদস্য-সচিব**

(১৫) রেজিস্ট্রার অব কপিরাইট, কপিরাইট অফিস

২। **টাস্কফোর্সেস কার্যক্রমের পরিধি (TOR) হবে নিম্নরূপ ঃ**

(ক) কপিরাইট আইনের আওতায় মেধাস্বত্ব তথা সাহিত্যকর্ম, নাট্যকর্ম, সংগীতকর্ম, শিল্পকর্ম, চলচ্চিত্র (ফিল্ম), শব্দ রেকর্ডিং, সম্প্রচার প্রোগ্রাম, কম্পিউটার প্রোগ্রাম ইত্যাদি সৃজনশীল কর্মের কপিরাইট লঙ্ঘন পাইরেসির মাধ্যমে প্রস্তুত, বিক্রি, বিতরণ ও সংরক্ষণের স্থানে অভিযান (অপারেশন) চালিয়ে পাইরেটেড অডিও ও ভিডিও ক্যাসেট, সিডি, ভিসিডি, ডিভিডি, সফটওয়্যার ও এর প্লেট জব্দ করা এবং এর প্রস্তুত ও বিক্রির সাথে জড়িত ব্যক্তি বা ব্যক্তিবর্গকে আইনের আওতায় সোপর্দ করা;

(খ) টাস্কফোর্স সুষ্ঠুভাবে কার্যক্রম পরিচালনার লক্ষ্যে যে কোন কর্মকর্তা/ব্যক্তিকে সদস্য হিসেবে কো-অপ্ট করতে পারবে এবং অন্য কোন আইন প্রয়োগকারী সংস্থা বা সরকারি অফিস বা বেসরকারি প্রতিষ্ঠানের কর্মকর্তাদের সহায়তা গ্রহণ করতে পারবে;

(গ) টাস্কফোর্সের অধিক্ষেত্র হবে সমগ্র বাংলাদেশ।

৩। ১০ নভেম্বর ২০০৮ তারিখের সবিম/শাখা-৩/২-১/৯৮/৬৯৯ সংখ্যক প্রজ্ঞাপনটি এতদ্বারা বাতিল করা হলো।

৪। পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত টাস্কফোর্সের কার্যক্রম অব্যাহত থাকবে।

৫। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মোশাররফ হোসেন**
উপসচিব।

---

**সমাজকল্যাণ মন্ত্রণালয়**

**আদেশ**

তারিখ, ১৮ জ্যেষ্ঠ ১৪২১/০১ জুন ২০১৪

নং **৪১.০০.০০০০.০৩৬.২৭.০৫৪.১৩.৩৪২**—যেহেতু, জনাব মোঃ হারুন-অর-রশিদ, সমাজসেবা অফিসার (রেজিঃ), জেলা সমাজসেবা কার্যালয়, টাঙ্গাইল এর বিরুদ্ধে পূর্ববর্তী কর্মস্থল উপজেলা সমাজসেবা কার্যালয়, সদর, টাংগাইল এ কর্মরত অবস্থায় ক্ষুদ্রঋণ তহবিলের অর্থ নীতিমালা বহির্ভূতভাবে বিতরণের অভিযোগ পাওয়া যায়;

যেহেতু, তিনি টাংগাইল সদর উপজেলার গালা গ্রামে নীতিমালা বহির্ভূতভাবে ২১ জন ভুয়া ঋণগ্রহীতা দেখিয়ে ২১ জনের অর্থ গ্রাম কমিটির সভাপতি হাসমত আলীকে এককভাবে প্রদান করেন এবং বিতরণকৃত অর্থের ১,১৯,৪৪০ টাকা ব্যাংকে জমা প্রদান না করায় তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও (ডি) বিধি মোতাবেক "অসদাচরণ" ও "দুর্নীতি পরায়ণ" এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করা হয়;

যেহেতু, তিনি বিভাগীয় মামলার লিখিত জবাব দাখিল করেন;

যেহেতু, তাঁর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলার অভিযোগনামা, অভিযোগ বিবরণী, লিখিত জবাব এবং সার্বিক বিষয় পর্যালোচনা হয়নি। অধিকন্তু অনাদায়ী **১,১৯,৪৪০** টাকা আদায় হয়েছে এবং ভবিষ্যতে তিনি এ ধরণের ভুল আর না করার অঙ্গীকার করেছেন;

সেহেতু, জনাব মোঃ হারুন-অর-রশিদ, সমাজসেবা অফিসার (রেজিঃ), জেলা সমাজসেবা কার্যালয়, টাঙ্গাইল এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) মোতাবেক "অসদাচরণ" এর অভিযোগ প্রমাণিত হলেও দুরভীসন্ধি প্রতিয়মান না হওয়ায় একই বিধিমালার বিধি ৪(২)(এ) মোতাবেক তাঁকে 'তিরস্কার' দণ্ডে দণ্ডিত করা হলো।

**নাছিমা বেগম** এনডিসি
ভারপ্রাপ্ত সচিব।

---

**প্রতিবন্ধী ও এতিম বিষয়ক শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ২৩ চৈত্র ১৪২০/৬ এপ্রিল ২০১৪

নং **৪১.০০.০০০০.০৫৪.৫২.০৫২.১৩-৮৯**—প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন, ২০১৩ এর ১৯ ধারা অনুযায়ী নিম্নোক্তভাবে জাতীয় নির্বাহী কমিটি গঠন করা হলো ঃ

**সভাপতি**

(১) সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়;

**সদস্যবৃন্দ**

(২) মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর;

(৩) সচিব, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয় (অন্যূন যুগ্মসচিব পদমর্যাদার);

(৪) সচিব, স্বাস্থ্য ও পরিকল্পনা মন্ত্রণালয় (অন্যূন যুগ্মসচিব পদমর্যাদার);

(৫) সচিব, শিক্ষা মন্ত্রণালয় (অন্যূন যুগ্মসচিব পদমর্যাদার);

(৬) সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় (অন্যূন যুগ্মসচিব পদমর্যাদার);

(৭) সচিব, তথ্য মন্ত্রণালয় (অন্যূন যুগ্মসচিব পদমর্যাদার);

(৮) সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় (অন্যূন যুগ্মসচিব পদমর্যাদার);

(৯) সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (অন্যূন যুগ্মসচিব পদমর্যাদার);

(১০) সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় (অন্যূন যুগ্মসচিব পদমর্যাদার);

(১১) সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় (অন্যূন যুগ্মসচিব পদমর্যাদার);

(১২) সচিব, অর্থ বিভাগ (অন্যূন যুগ্মসচিব পদমর্যাদার);

(১৩) সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় (অন্যূন যুগ্মসচিব পদমর্যাদার);

(১৪) সচিব, স্থানীয় সরকার বিভাগ/মন্ত্রণালয় (অন্যূন যুগ্মসচিব পদমর্যাদার);

(১৫) জেলা প্রশাসক, প্রতিবন্ধী ব্যক্তির অধিকার সুরক্ষায় কর্মরত বেসামরিক সংস্থা, বা প্রতিবন্ধী ব্যক্তিদের সংগঠন বা স্ব-সহায়ক সংগঠন হইতে সরকার কর্তৃক মনোনীত ২(দুই) জন মহিলা এবং ২(দুই) জন পুরুষ প্রতিনিধি।

**সদস্য-সচিব**

(১৬) ব্যবস্থাপনা পরিচালক, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন, ঢাকা।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **৪১.০০.০০০০.০৫৪.৫২.০৫২.১৩-৯০**—প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন, ২০১৩ এর ২১ ধারা অনুযায়ী নিম্নোক্তভাবে জেলা কমিটি গঠন করা হলো ঃ

**উপদেষ্টা**

(১) মাননীয় স্পীকার কর্তৃক মনোনীত সংশ্লিষ্ট জেলার মাননীয় সংসদ সদস্য

**সভাপতি**

(২) জেলা প্রশাসক (সকল) এবং জেলা প্রশাসক কর্তৃক মনোনীত জেলা সমাজসেবামূলক কাজে নিয়োজিত একজন ব্যক্তি। এছাড়া প্রতিবন্ধী ব্যক্তির অধিকার সুরক্ষায় কর্মরত বেসরকারি সংস্থা বা প্রতিবন্ধী ব্যক্তিদের সংগঠন বা স্ব-সহায়ক সংগঠন হইতে জেলা প্রশাসক কর্তৃক মনোনীত (একজন মহিলাসহ এবং একজন পুরুষ।

**সদস্যবৃন্দ**

(৩) পুলিশ সুপারিনটেনডেন্ট

(৪) সিভিল সার্জন

(৫) জেলা শিক্ষা কর্মকর্তা

(৬) জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা

(৭) গণপূর্ত বিভাগের নির্বাহী প্রকৌশলী

(৮) স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের নির্বাহী প্রকৌশলী

(৯) জেলা তথ্য কর্মকর্তা

(১০) জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা

(১১) জেলা আইনগত সহায়তা প্রদান কমিটির সাধারণ সম্পাদক

(১২) প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্রের প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা

(১৩) জেলা প্রশাসক কর্তৃক মনোনীত জেলা সমাজসেবা-মূলক কাজে নিয়োজিত একজন ব্যক্তি।

(১৪) প্রতিবন্ধী ব্যক্তির অধিকার সুরক্ষায় কর্মরত বেসরকারি সংস্থা, বা প্রতিবন্ধী ব্যক্তিদের সংগঠন বা স্ব-সহায়ক সংগঠন হইতে জেলা প্রশাসক কর্তৃক মনোনীত (একজন মহিলাসহ এবং একজন পুরুষ।

**সদস্য-সচিব**

(১৫) উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবেদা আফসারী**
সহকারী সচিব।

---

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**
**শৃংখলা-১ শাখা**

**আদেশ**

তারিখ, ১৫ মে ২০১৪

নং **৪৫.১৫০.০২৭.০১.০০.০৮৫.২০১০-৩৭২**—যেহেতু, ডাঃ তপন মজুমদার (৩৫২৫৪), সহকারী সার্জন, ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, গোপালগঞ্জ, গোপালগঞ্জ জেলার কাশিয়ানী থানার মামলা নং-০৯, তারিখঃ ০৯-১১-২০১১ এবং জি,আর-১৭১/০৯ এর চার্জশীটভুক্ত আসামী হিসেবে আইন শৃংখলা বাহিনী কর্তৃক গ্রেফতার হয়ে গত ১৫-১০-২০১০ তারিখ জেল হাজতে গমন করায় বাংলাদেশ সার্ভিস রুলস (পার্ট-১) এর বিধি ৭৩ মোতাবেক তাকে সরকারি চাকুরি হতে ০৯-১১-২০১০ তারিখে সাময়িকভাবে বরখাস্ত করা হয়;

যেহেতু, উক্ত মামলায় বিজ্ঞ যুগ্ম-দায়রা জজ, ১ম আদালত, গোপালগঞ্জ গত ০৬-০৩-২০১৪ তারিখের রায়ে তাঁকে মামলা থেকে বেকসুর খালাস প্রদান করেছেন;

সেহেতু, এক্ষণে ডাঃ তপন মজুমদার (৩৫২৫৪) এর ০৯-০১-২০১০ তারিখের সাময়িক বরখাস্ত আদেশ এতদ্বারা প্রত্যাহার করা হল এবং তাঁর সাময়িক বরখাস্তকালীন সময়-কে বিধি মোতাবেক কর্তব্যকাল হিসেবে গণ্য করা হল।

**এম. এম. নিয়াজউদ্দিন**
সচিব।

---

**আদেশাবলি**

তারিখ, ২৫ মে ২০১৪

নং **৪৫.১৫০.০২৭.০১.০০.১৭৩.২০১৩-৩০৩**—যেহেতু, ডাঃ মোঃ হাবিব ইসলাম ভূইয়া (১১১০৯৬), প্যাথলজিস্ট, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ইসলামপুর, জামালপুর এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতির' দায়ে ১২-০১-২০১৪ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.১৭৩.২০১৩-২৯ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত মর্মে মতামত জ্ঞাপন করেন;

এক্ষণে, সেহেতু, ডাঃ মোঃ হাবিব ইসলাম ভূইয়া (১১১০৯৬), প্যাথলজিস্ট, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ইসলামপুর, জামালপুর এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব, তদন্তকারী কর্মকর্তার মতামত এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনা করে তাঁকে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(২)(বি) বিধি মোতাবেক তাঁর বার্ষিক বেতন বৃদ্ধি আদেশ জারির তারিখ হতে পরবর্তী ০২(দুই) বছরের জন্য স্থগিত করা হল। এই স্থগিতজনিত বেতন-ভাতা তিনি পরবর্তীতে বকেয়া হিসেবে প্রাপ্য হবেন না।

নং **৪৫.১৫০.০২৭.০১.০০.১৯১.২০১৩-৩০৬**—যেহেতু, ডাঃ মোহাম্মদ হারুন অর-রশিদ (১২৪৩২৫), মেডিকেল অফিসার, ঘোপাল ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, ছাগলনাইয়া, ফেনী এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতির' দায়ে ১৬-০১-২০১৪ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.১৯১.২০১৩-২৯ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত মর্মে মতামত জ্ঞাপন করেন;

এক্ষণে, সেহেতু, ডাঃ মোহাম্মদ হারুন অর-রশিদ (১২৪৩২৫), মেডিকেল অফিসার, ঘোপাল ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, ছাগলনাইয়া, ফেনী এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব, তদন্তকারী কর্মকর্তার মতামত এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনা করে তাঁকে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(২)(বি) বিধি মোতাবেক তাঁর বার্ষিক বেতন বৃদ্ধি আদেশ জারির তারিখ হতে পরবর্তী ০৩(তিন) বছরের জন্য স্থগিত করা হল। এই স্থগিতজনিত বেতন-ভাতা তিনি পরবর্তীতে বকেয়া হিসেবে প্রাপ্য হবেন না।

তারিখ, ১৫ মে ২০১৪

নং **৪৫.১৫০.০২৭.০১.০০.০৪০.২০১২-৩৭৩**—যেহেতু, ডাঃ উম্মে কুলসুম (১২৪৩৩৪), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে ১০-০৩-২০১৪ তারিখে বিভাগীয় মামলা রুজু করে কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং গত ১১-০৫-২০১৪ তারিখ তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, ব্যক্তিগত শুনানীর সময় তিনি জানান যে, তিনি Primary Infertility with uterine fibroid and Recurrent Endometrial Polyp রোগে আক্রান্ত হয়ে চিকিৎসকের স্মরনাপন্ন হন। চিকিৎসক তাঁকে Laparoscopy with IVF (টেস্ট টিউব) চিকিৎসা প্রদান করেন এবং তাঁকে ০৬ মাস বিশ্রামের পরামর্শ দেন। তিনি তার চিকিৎসার সমর্থনে চিকিৎসা সংক্রান্ত কাগজপত্র প্রদর্শন করেন;

এক্ষণে, সেহেতু, উম্মে কুলসুম (১২৪৩৩৪), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব ও সামগ্রিক বিষয়াদি বিবেচনাপূর্বক বিভাগীয় মামলায় আনীত অভিযোগ থেকে তাঁকে অব্যাহতি প্রদান করা হল।

**এ. এম. বদরুদ্দোজা**
অতিরিক্ত সচিব।

---

**শৃংখলা-২ শাখা**

**আদেশ**

তারিখ, ২৫ মে ২০১৪

নং **৪৫.১৫১.০২৭.০০.০০.১৩২.২০১৩-১৬৭**—যেহেতু, ডাঃ আশিক কুমার বনিক (১২১৫৫২), সহকারী সার্জন, জামালপুর ইউনিয়ন উপস্বাস্থ্য কেন্দ্র, কালিগঞ্জ, গাজীপুর বর্তমানে পরিচালক (স্বাস্থ্য), বরিশাল বিভাগ, বরিশাল পদায়নের জন্য ন্যস্তকৃত এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও (সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে' কর্মস্থলে অনুপস্থিতি এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে **১ম** কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ১৪-০৫-২০১৪ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

এক্ষণে, সেহেতু, ডাঃ আশিক কুমার বনিক (১২১৫৫২), সহকারী সার্জন, জামালপুর ইউনিয়ন উপস্বাস্থ্য কেন্দ্র, কালিগঞ্জ, গাজীপুর বর্তমানে পরিচালক (স্বাস্থ্য), বরিশাল বিভাগ, বরিশাল পদায়নের জন্য ন্যস্তকৃত এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব, ব্যক্তিগত শুনানী ও উপস্থাপিত সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(২)(এ) বিধি মোতাবেক তাঁকে তিরস্কার (Censure) করা হল এবং বদলিকৃত কর্মস্থলে অতি সত্বর যোগদানের জন্য বলা হল।

এ আদেশ জনস্বার্থে জারি করা হল।

**এ. এম. বদরুদ্দোজা**
অতিরিক্ত সচিব।

---

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**পুলিশ শাখা-১**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৭ জুন ২০১৪

নং **৪৪.০০.০০০০.০৯৪.০২.০০৩.১৩-৫১১**—যেহেতু, জনাব মোঃ সাজ্জাদুর রহমান, সাবেক পুলিশ সুপার, চাঁপাইনবাবগঞ্জ (বর্তমানে চাকুরি হতে সাময়িকভাবে বরখাস্ত এবং ঢাকা রেঞ্জ ডিআইজি অফিসে সংযুক্ত) এর বিরুদ্ধে গত ২৮-০২-২০১৩ খ্রিঃ মানবতা বিরোধী অপরাধ দমন ট্রাইব্যুনালে জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় নায়েবে আমীর মাওলানা দেলওয়ার হোসেন সাঈদীর মামলার রায় ঘোষণাকে কেন্দ্র করে জামাত-শিবিরের নেতাকর্মীরা অবৈধভাবে জমায়েত হয়ে ব্যাপক বিক্ষোভ, ভাংচুর, অগ্নিসংযোগসহ আইন-শৃংখলা বাহিনীর উপর আক্রমণ করে। তিনি জেলার পুলিশ সুপার হিসেবে ০২ (দুই) বছরের অধিককাল দায়িত্ব পালন করা সত্ত্বেও বর্ণিত ঘটনাবলীর গুরুত্ব অনুধাবনে ব্যর্থতা, রায় ঘোষণাকে কেন্দ্র করে সম্ভাব্য পরিস্থিতি কি হতে পারে তা অনুধাবনসহ সম্ভাব্য পরিস্থিতি মোকাবেলা করার জন্য প্রয়োজনীয় সতর্কতামূলক পূর্ব প্রস্তুতি গ্রহণ না করায় এবং তাঁর অধিনস্থ কর্মকর্তাদের যথাযথ দিক নির্দেশনা প্রদানে ব্যর্থতার অভিযোগে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের স্মারক নং-৪৪.০০.০০০০.০৯৪.০২.০০৩.১৩.৬১৫, তারিখ: ১২-০৫-২০১৩ খ্রিঃ মূলে অভিযোগ বিবরণী ও অভিযোগনামা জারী করে অত্র মন্ত্রণালয়ের ২২-০১-২০১৪ তারিখের ৪২ নম্বর স্মারকে জনাব মোঃ মোশাররফ হোসেন ভূঁঞা, পিপিএম, ডিআইজি, এসবি, বাংলাদেশ পুলিশ, ঢাকা-কে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয় এবং তদন্তকারী কর্মকর্তা সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৭(৪), ৭(১০) এবং ১০ নং বিধির বিধান অনুসারে যথাযথভাবে তদন্ত করে তদন্ত প্রতিবেদন দাখিল করেন; এবং

২। যেহেতু, তদন্ত প্রতিবেদন ও সংশ্লিষ্ট কাগজপত্রাদি পর্যালোচনা করে দেখা যায় যে অভিযুক্ত কর্মকর্তা জনাব মোঃ সাজ্জাদুর রহমান এর বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ প্রমাণিত হয়নি;

৩। এক্ষণে, সেহেতু, জনাব মোঃ সাজ্জাদুর রহমান এর বিরুদ্ধে উক্ত বিধিমালার ৩(এ) ও ৩(বি) বিধানমতে আনীত অভিযোগ সমূহের দায় হতে তাঁকে অব্যাহতি প্রদান করা হল এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের গত ২৫-০৩-২০১৩ তারিখের ৪৪.০০.০০০০.০৯৪.০২.০০৩.১৩-৩৬৬ নম্বর প্রজ্ঞাপনমূলে সাময়িকভাবে বরখাস্ত আদেশটি এতদ্বারা প্রত্যাহার করা হল। তাঁর সাময়িক বরখাস্তকাল কর্তব্যকাল হিসেবে গণ্য হবে।

৪। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সি কিউ কে মুসতাক আহমদ**
সিনিয়র সচিব।

---

**আইন অধিশাখা-৩**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৭ মে ২০১৪

নং **৪৪.০০.০০০০.০৫৭.০২.০০৮.১৩-১৩৯**—ঠাকুরগাঁও জেলার রাণীশংকৈল থানার মামলা নং-০৭, তারিখঃ ১৬-০১-২০১৪, সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (সংশোধনী ২০১২) ও (সংশোধনী ২০১৩) এর ধারা ৬(২) মামলাটিতে আসামি মোঃ ইসমাইল হোসেন ওরফে আক্তার (৩২) পিতা মোঃ ইব্রাহিম, সাং চেংমারী (পূর্বপাড়া), থানা রাণীশংকৈল, জেলা ঠাকুরগাঁও গংদের বিরুদ্ধে আওয়ামী লীগ সমর্থিত হিন্দু, মুসলমান সর্বস্তরের লোকজনকে পেট্রোল বোমাসহ সশস্ত্র অবস্থায় জনমনে ভীত সন্ত্রস্ত করে, সন্ত্রাসীকার্যে একে অপরকে সহায়তা করে। আইন-শৃংখলা পরিস্থিতির অবনতি ঘটানো ও দেশের অরাজকতা সৃষ্টি করার লক্ষ্যে ষড়যন্ত্রমূলক কর্মকান্ডে জড়িত থাকায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (সংশোধনী ২০১২) ও (সংশোধনী ২০১৩) এর ৬(২) ধারায় অপরাধের অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি অভিযোগ বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এর ধারা ৪০ এর উপ-ধারা (২) এর অধীন সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্দ্বারা প্রদান করা হ'ল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এফ এম তৌহিদুল আলম**
সহকারী সচিব।

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**
**স্থানীয় সরকার বিভাগ**
**পৌর-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২২ মে ২০১৪

নং **পৌর-২/৪৬.০৬৪.০২৮.৪৩.১০.২২৯.২০১১/৫৫৬**—স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ৪৩ ও ৪২(২) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে সরকার বরিশাল জেলার উজিরপুর পৌরসভার কার্য সম্পাদনে নিযুক্ত প্রশাসককে সহায়তাদানের জন্য নিম্নোক্ত ১৩ (তের) সদস্য বিশিষ্ট পৌর সহায়তা কমিটি গঠন করল ঃ

**সদস্যবৃন্দ**

(১) জনাব মোঃ সোহেল হাওলাদার, পিতা মৃত হাজী ইসমাইল হাওলাদার, গ্রাম ইচলাদী, পোঃ ধামসর, উপজেলা উজিরপুর, (সাবেক শিকারপুর-উজিরপুর ইউ,পি সদস্য)।

(২) উপেন্দ্র নাথ ঘোষ, পিতা মৃত নিবারন চন্দ্র ঘোষ, গ্রাম দক্ষিণ মাদাশী, পোঃ উজিরপুর, (সাবেক শিকারপুর-উজিরপুর ইউ,পি সদস্য)।

(৩) জনাব আঃ হাকিম সিকদার, পিতা মৃত মোকছেদ আলী সিকদার, গ্রাম ও পোঃ ও উপজেলা উজিরপুর, (সাবেক শিকারপুর-উজিরপুর ইউ,পি সদস্য)।

(৪) জনাব মোঃ জাকির হোসেন (আবু), পিতা মৃত জয়নাল আবেদীন খাঁন, গ্রাম পরমানন্দসাহা, পোঃ উজিরপুর, (সাবেক শিকারপুর-উজিরপুর ইউ,পি সদস্য)।

(৫) গৌরী রানী বিশ্বাস, পিতা জিতেন্দ্র নাথ বিশ্বাস, গ্রাম, পোঃ ও উপজেলা উজিরপুর (সাবেক শিকারপুর-উজিরপুর ইউ,পি সদস্য)।

(৬) জনাব দিলীপ কুমার সিকদার, পিতা মৃত পূর্ণ চন্দ্র সিকদার, গ্রাম রাখালতলা, উপজেলা উজিরপুর, জেলা বরিশাল।

(৭) জনাব মোঃ কামাল হোসেন সবুজ, পিতা মৃত আঃ আজিজ সিকদার, গ্রাম উজিরপুরা, উপজেলা উজিরপুর।

(৮) জনাব মোঃ হেমায়েত উদ্দিন, পিতা মৃত মুজাহার আলী সরদার, গ্রাম দক্ষিণ শিকারপুর, উপজেলা উজিরপুর।

(৯) জনাব বিশ্বজিৎ কুমার দেবনাথ, পিতা মৃত রনজিৎ কুমার দেবনাথ, গ্রাম উজিরপুর, উপজেলা উজিরপুর।

(১০) জনাব আইউব আলী মোলা, পিতা মৃত উজ্জত আলী মোলা, গ্রাম হানুয়া বারপাইকা, উপজেলা উজিরপুর।

(১১) জনাব মোঃ অজিজুল হক সিকদার, পিতা মৃত এনছাব আলী সিকদার, গ্রাম উজিরপুর, উপজেলা উজিরপুর।

(১২) জনাব মোঃ রিপন মোলা, পিতা মৃত আবদুর রশিদ মোলা, গ্রাম উজিরপুর, উপজেলা উজিরপুর।

(১৩) সহদেব কুমার দাস, পিতা মৃত লক্ষ্মী কান্ত দাস, গ্রাম উজিরপুর, উপজেলা উজিরপুর।

২। স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ ও সংশ্লিষ্ট বিধি-বিধান অনুযায়ী গঠিত কমিটির সদস্যগণ উজিরপুর পৌরসভার সার্বিক কর্মকান্ড পরিচালনায় নিযুক্ত প্রশাসককে সহায়তা করবেন। উল্লেখ্য যে, অত্র বিভাগের ৪-২-২০০২ খ্রিঃ তারিখের পৌর-৩/সম্মানী-ভাতা ২/৯৭/১৩৮ নং পরিপত্র অনুযায়ী ক্রমিক নং ১ হতে ১২ পর্যন্ত সম্মানী ভাতা প্রাপ্য হবেন এবং ক্রমিক নং ১ হতে ৫ পর্যন্ত অবলুপ্ত ইউনিয়ন পরিষদের ইউ,পি সদস্য হওয়ায় স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ৪৩ ধারাবলে তারা কাউন্সিলর হিসেবে বিবেচিত হবেন।

৩। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**রেহানা ইয়াছমিন**
উপসচিব।

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৮ মে ২০১৪

নং **৪৬.০৬৪.০৩২.৩৭.০২.২৬৮.২০১১/৫৬৮**—যেহেতু, আপনি জনাব আহম্মেদ আলী, মেয়র, গাংনী পৌরসভা পদে নির্বাচিত হয়ে পৌর মেয়রের দায়িত্ব পালন করছেন;

যেহেতু, আপনি অসৎ উদ্দেশ্য চরিতার্থ করার জন্য ১৮টি প্রকল্পে সংশোধিত প্রাক্কলন প্রস্তুত করে এবং বিধিবহির্ভূতভাবে ঠিকাদারকে ১৬টি কাজের বিল বাবদ ৩৩,৯৯,১১৭.২৩ টাকা অতিরিক্ত পরিশোধ করেছেন;

যেহেতু, আপনি মাটির কাজ বাবদ প্রি-ওয়ার্ক ও পোস্ট ওয়ার্ক মাপ গ্রহণ ব্যতিরেকে মাটির কাজের পরিমাণ নির্ণয় ছাড়াই ঠিকাদারকে ২৬,২৪,৭৯৮/৯১ টাকা পরিশোধ করে পরস্পর যোগসাজসে আত্মসাৎ করেছেন;

যেহেতু, আপনি ২০১১-১২ অর্থ বছরে এডিপি'র অর্থে বাস্তবায়িত ৪৬টি প্রকল্পের তদন্ত কমিটি কর্তৃক গৃহীত পরিমাপের ভিত্তিতে বিনা কাজে ৪৯,২৫,৬২৬/২৬ টাকা অতিরিক্ত পরিশোধ করেছেন;

যেহেতু, আপনি সরকারি অর্থ আত্মসাৎ এবং পিপিআর ২০০৮ এর নিয়ম কানুন লঙ্ঘন করেছেন;

যেহেতু, উক্ত বিষয়ে, তাঁকে কারণ দর্শানো হলে, তাঁর প্রেরিত কারণ দর্শানো জবাব কর্তৃপক্ষের নিকট যথাযথ এবং সন্তোষজনক মর্মে প্রতীয়মান হয়নি;

যেহেতু, তাঁর বিরুদ্ধে আনীত ক্ষমতার অপব্যবহার করে পৌরসভার আর্থিক ক্ষতিসাধন সম্পর্কিত অভিযোগটি উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক তদন্তে প্রমাণিত হয়েছে;

যেহেতু, এরূপ অভিযোগের কারণে স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৩২(১)(ঘ) বিধানমতে স্বীয় পদ হতে অপসারণের বিধান রয়েছে;

যেহেতু, সরকার জনাব আহম্মেদ আলী, মেয়র, গাংনী পৌরসভা, মেহেরপুরকে অপসারণের সিদ্ধান্ত গ্রহণ করেছে;

সেহেতু, স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৩২(১)(ঘ) বিধান মোতাবেক মেহেরপুর জেলার গাংনী পৌরসভার মেয়র, জনাব আহম্মেদ আলী-কে মেয়র পদ হতে অপসারণ করা হ'ল।

এ আদেশ জনস্বার্থে জারি করা হ'ল এবং অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সরোজ কুমার নাথ**
সিনিয়র সহকারী সচিব।

**[একই নম্বর ও তারিখের স্থলাভিষিক্ত হবে]**

**কৃষি মন্ত্রণালয়**

**সম্প্রসারণ-১ শাখা**

**আদেশ**

তারিখ, ০৩ এপ্রিল ২০১৩

**নং কৃম/সম্প্র-১/প্রশাসন-১/২০০৮(অংশ)-৭১৫**—আদিষ্ট হয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১০ নভেম্বর ২০০৮ তারিখের সম/সওব্য-৮/কৃম-৩৮/২০০১ (অংশ-১)-৩২১ নং পত্র, অর্থ বিভাগের ব্যয় নিয়ন্ত্রণ অধিশাখার ৩০ সেপ্টেম্বর ২০০৯ তারিখের অম/অবি/ব্যঃনিঃ-৪/কৃষি/১৩৬৬ নং পত্র, অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগের ০৪ আগস্ট ২০১১ তারিখের ০৭.১৬৪.০০০.০০.০১২.০৮.২০১১-৬৯ সংখ্যক স্মারকে বেতনস্কেল নির্ধারণ/আউট সোর্সিংকরণ, মন্ত্রিপরিষদ বিভাগের প্রশাসনিক উন্নয়ন শাখার ৩০ জুলাই ২০১২ তারিখের ০৪.২১১.০০৬.০৬.০০.০০১.২০১২-২৪০ নং পত্র এবং কৃষি মন্ত্রণালয়ের ২৬ ডিসেম্বর ২০১২ তারিখের কৃম/সম্প্রসারণ-১/প্রশাসন-১/২০০৮(অংশ-১)-১৪৬২ বরাতে মাননীয় প্রধানমন্ত্রীর অনুমোদনের পরিপ্রেক্ষিতে নিম্নরূপ সিদ্ধান্ত জ্ঞাপন করছি ঃ

১. কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আওতাধীন কেন্দ্রীয় সম্প্রসারণ সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট (CERDI), গাজীপুরকে বিলুপ্ত করে জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমী (National Agriculture Training Academy-NATA) গঠন করা হ'ল।

২. কৃষি মন্ত্রণালয়াধীন জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমী (NATA) এর জন্য নিম্নরূপ সার্ডি থেকে ৭৭টি পদ স্থানান্তরের মাধ্যমে রাজস্বখাতে এবং ১০৭টি নতুন পদ আদেশ জারির তারিখ থেকে বছর বছর সংরক্ষণের ভিত্তিতে অস্থায়ীভাবে রাজস্বখাতে সৃজনে মঞ্জুরি জ্ঞাপন করছি।

| ক্রমিক নং | পদের নাম, বেতনস্কেল ২০০৯ ও গ্রেড | CERDI থেকে NATA স্থানান্তরিত পদের সংখ্যা | NATA নতুন সৃজনকৃত পদের সংখ্যা | মোট পদ |
|---|---|---|---|---|
| (১) | মহাপরিচালক (প্রেষণে নিয়োগ)<br>প্রেষণপ্রাপ্ত কর্মকর্তার নিজ বেতনস্কেল প্রদেয় হবে | - | ০১টি | ০১টি |
| (২) | পরিচালক (প্রেষণে নিয়োগ)<br>প্রেষণপ্রাপ্ত কর্মকর্তার নিজ বেতনস্কেল প্রদেয় হবে | - | ০২টি | ০২টি |
| (৩) | উপ-পরিচালক (গ্রেড-৫)<br>স্কেল: টাকা ২২২৫০-৯০০×১০-৩১২৫০<br>প্রেষণে নিয়োগের ক্ষেত্রে প্রেষণপ্রাপ্ত কর্মকর্তার নিজ বেতনস্কেল প্রদেয় হবে | - | ১২টি | ১২টি |
| (৪) | সিস্টেম এনালিস্ট (গ্রেড-৫)<br>স্কেল: টাকা ২২২৫০-৯০০×১০-৩১২৫০ | - | ০১টি | ০১টি |
| (৫) | সিনিয়র সহকারী পরিচালক (গ্রেড-৬)<br>স্কেল: টাকা ১৮৫০০-৮০০×১৪-২৯৭০০<br>প্রেষণে নিয়োগের ক্ষেত্রে প্রেষণপ্রাপ্ত কর্মকর্তার নিজ বেতনস্কেল প্রদেয় হবে | কৃষি প্রকৌশলী-০২টি | ১৫টি | ১৭টি |
| (৬) | প্রোগ্রামার (গ্রেড-৬)<br>স্কেল: টাকা ১৮৫০০-৮০০×১৪-২৯৭০০ | - | ০১টি | ০১টি |
| (৭) | মেডিকেল অফিসার (গ্রেড-৯)<br>স্কেল: টাকা ১১০০০-৪৯০×৭-১৪৪৩০-ইবি-৫৪০×১১-২০৩৭০<br>প্রেষণে নিয়োগের ক্ষেত্রে প্রেষণপ্রাপ্ত কর্মকর্তার নিজ বেতনস্কেল প্রদেয় হবে | - | ০১টি | ০১টি |
| (৮) | প্রকাশনা কর্মকর্তা (প্রেষণে নিয়োগ)<br>প্রেষণপ্রাপ্ত কর্মকর্তার নিজ বেতনস্কেল প্রদেয় হবে | - | ০১টি | ০১টি |
| (৯) | ড্যাটা এনালিস্ট (গ্রেড-৯)<br>স্কেল: টাকা ১১০০০-৪৯০×৭-১৪৪৩০-ইবি-৫৪০×১১-২০৩৭০ | - | ০১টি | ০১টি |
| (১০) | সহকারী প্রোগ্রামার (গ্রেড-৯)<br>স্কেল: টাকা ১১০০০-৪৯০×৭-১৪৪৩০-ইবি-৫৪০×১১-২০৩৭০ | - | ০১টি | ০১টি |
| (১১) | এ্যাসিস্ট্যান্ট মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার (গ্রেড-৯)<br>স্কেল: টাকা ১১০০০-৪৯০×৭-১৪৪৩০-ইবি-৫৪০×১১-২০৩৭০ | - | ০১টি | ০১টি |
| (১২) | লাইব্রেরিয়ান (গ্রেড-৯)<br>স্কেল: টাকা ১১০০০-৪৯০×৭-১৪৪৩০-ইবি-৫৪০×১১-২০৩৭০ | - | ০১টি | ০১টি |
| (১৩) | প্রশাসনিক অফিসার (গ্রেড-১০)<br>স্কেল: টাকা ৮০০০-৪৫০×৭-১১১৫০-ইবি-৪৯০×১১-১৬৫৪০ | - | ০১টি | ০১টি |

| ক্রমিক নং | পদের নাম, বেতনস্কেল ২০০৯ ও গ্রেড | CERDI থেকে NATA স্থানান্তরিত পদের সংখ্যা | NATA নতুন সৃজনকৃত পদের সংখ্যা | মোট পদ |
|---|---|---|---|---|
| (১৪) | উপ-সহকারী প্রকৌশলী (প্রিন্টিং) (গ্রেড-১০)<br>স্কেল: টাকা ৮০০০-৪৫০×৭-১১১৫০-ইবি-৪৯০×১১-১৬৫৪০ | - | ০১টি | ০১টি |
| (১৫) | উপ-সহকারী প্রকৌশলী (মেকানিক্যাল) (গ্রেড-১০)<br>স্কেল: টাকা ৮০০০-৪৫০×৭-১১১৫০-ইবি-৪৯০×১১-১৬৫৪০ | উপ-সহকারী প্রকৌশলী (সিনিয়র মেকানিক)-০১টি পদ | - | ০১টি |
| (১৬) | ফিজিক্যাল ইনস্ট্রাক্টর (গ্রেড-১০)<br>স্কেল: টাকা ৮০০০-৪৫০×৭-১১১৫০-ইবি-৪৯০×১১-১৬৫৪০ | ফিজিক্যাল ইনস্ট্রাক্টর-০১টি | - | ০১টি |
| (১৭) | নার্স (গ্রেড-১০)<br>স্কেল: টাকা ৮০০০-৪৫০×৭-১১১৫০-ইবি-৪৯০×১১-১৬৫৪০ | - | ০২টি | ০২টি |
| (১৮) | ডেমোনেস্ট্রেটর (ল্যাব) (গ্রেড-১১)<br>স্কেল: টাকা ৬৪০০-৪১৫×৭-৯৩০৫-ইবি-৪৫০×১১-১৪২৫৫<br>প্রেষণে নিয়োগের ক্ষেত্রে প্রেষণপ্রাপ্ত কর্মকর্তার নিজ বেতনস্কেল প্রদেয় হবে | ফার্ম ম্যানেজার-০২টি এবং উপ-সহকারী প্রশিক্ষক (ফিল্ডম্যান)০৩টি | ০২টি | ০৭টি |
| (১৯) | উপ-সহকারী কৃষি কর্মকর্তা (মাঠ) (গ্রেড-১১)<br>স্কেল: টাকা ৬৪০০-৪১৫×৭-৯৩০৫-ইবি-৪৫০×১১-১৪২৫৫<br>প্রেষণে নিয়োগের ক্ষেত্রে প্রেষণপ্রাপ্ত কর্মকর্তার নিজ বেতনস্কেল প্রদেয় হবে | - | ০১টি | ০১টি |
| (২০) | প্রিন্টিং মেশিন অপারেটর (গ্রেড-১১)<br>স্কেল: টাকা ৬৪০০-৪১৫×৭-৯৩০৫-ইবি-৪৫০×১১-১৪২৫৫ | প্রিন্টিং মেশিন অপারেটর-০১টি | - | ০১টি |
| (২১) | ক্যাটালগার (গ্রেড-১২)<br>স্কেল: টাকা ৫৯০০-৩৮০×৭-৮৫৬০-ইবি-৪১৫×১১-১৩১২৫ | - | ০১টি | ০১টি |
| (২২) | পিএ (স্টেনো) (গ্রেড-১৩)<br>স্কেল: টাকা ৫৫০০-৩৪৫×৭-৭৯১৫-ইবি-৩৮০×১১-১২০৯৫ | - | ০১টি | ০১টি |
| (২৩) | পিএ (গ্রেড-১৩)<br>স্কেল: টাকা ৫৫০০-৩৪৫×৭-৭৯১৫-ইবি-৩৮০×১১-১২০৯৫ | প্রধান সহকারী-১টি | - | ০১টি |
| (২৪) | হিসাবরক্ষক (গ্রেড-১৩)<br>স্কেল: টাকা ৫৫০০-৩৪৫×৭-৭৯১৫-ইবি-৩৮০×১১-১২০৯৫ | হিসাবরক্ষক-০১টি | - | ০১টি |
| (২৫) | ফটোগ্রাফার (গ্রেড-১৩)<br>স্কেল: টাকা ৫৫০০-৩৪৫×৭-৭৯১৫-ইবি-৩৮০×১১-১২০৯৫ | - | ০১টি | ০১টি |
| (২৬) | ড্রাফটসম্যান (গ্রেড-১৩)<br>স্কেল: টাকা ৫৫০০-৩৪৫×৭-৭৯১৫-ইবি-৩৮০×১১-১২০৯৫ | ড্রাফটসম্যান-০১টি | - | ০১টি |
| (২৭) | সিনিয়র মেক্যানিক (গ্রেড-১৩), স্কেল: টাকা ৫৫০০-৩৪৫×৭-৭৯১৫-ইবি-৩৮০×১১-১২০৯৫ | - | ১টি | ০১টি |
| (২৮) | অডিও ভিজ্যুয়েল অপারেটর (গ্রেড-১৪), স্কেল: টাকা ৫২০০-৩২০×৭-৭৪৪০-ইবি-৩৪৫×১১-১১২৩৫ | ফিল্ম প্রজেক্ট অপারেটর-০১টি | - | ০১টি |
| (২৯) | অভ্যর্থনাকারী (গ্রেড-১৪), স্কেল: টাকা ৫২০০-৩২০×৭-৭৪৪০-ইবি-৩৪৫×১১-১১২৩৫ | সাঁট-মুদ্রাক্ষরিক-০১টি | - | ০১টি |
| (৩০) | লাইব্রেরি সহকারী (গ্রেড-১৪), স্কেল: টাকা ৫২০০-৩২০×৭-৭৪৪০-ইবি-৩৪৫×১১-১১২৩৫ | সাঁট-মুদ্রাক্ষরিক-০১টি | - | ০১টি |
| (৩১) | কেয়ারটেকার (গ্রেড-১৬), স্কেল: টাকা ৪৭০০-২৬৫×৭-৬৫৫৫-ইবি-২৯০×১১-৯৭৪৫ | কেয়ারটেকার-০১টি | - | ০১টি |
| (৩২) | সহকারী প্রিন্টিং ম্যাশিন অপারেটর (গ্রেড-১৬), স্কেল: টাকা ৪৭০০-২৬৫×৭-৬৫৫৫-ইবি-২৯০×১১-৯৭৪৫ | সহকারী প্রিন্টিং ম্যাশিন অপারেটর-০১টি | - | ০১টি |
| (৩৩) | মেক্যানিক (গ্রেড-১৬), স্কেল: টাকা ৪৭০০-২৬৫×৭-৬৫৫৫-ইবি-২৯০×১১-৯৭৪৫ | ট্রাক্টর এন্ড পাম্প অপারেটর-০১টি | ০১টি | ০২টি |
| (৩৪) | ফুড প্রসেসিং টেকনিশিয়ান (গ্রেড-১৬), স্কেল: টাকা ৪৭০০-২৬৫×৭-৬৫৫৫-ইবি-২৯০×১১-৯৭৪৫ | - | ০১টি | ০১টি |

| ক্রমিক নং | পদের নাম, বেতনস্কেল ২০০৯ ও গ্রেড | CERDI থেকে NATA স্থানান্তরিত পদের সংখ্যা | NATA নতুন সৃজনকৃত পদের সংখ্যা | মোট পদ |
|---|---|---|---|---|
| (৩৫) | ড্যাটা এন্ট্রি অপারেটর (গ্রেড-১৬), স্কেল: টাকা ৪৭০০-২৬৫×৭-৬৫৫৫-ইবি-২৯০×১১-৯৭৪৫<br>স্কেল: টাকা ৫২০০-৩২০×৭-৭৪৪০-ইবি-৩৪৫×১১-১১২৩৫ গ্রেড-১৪ (চাকরিকালীন বিভাগীয় প্রশিক্ষণে উত্তীর্ণ সাপেক্ষে প্রদেয়)। | অফিস সহকারী-০২টি<br>টাইপিস্ট-০৪টি<br>গুদাম রক্ষক-০৩টি | ১১টি | ২০টি |
| (৩৬) | ক. গাড়িচালক (গ্রেড-১৬), স্কেল: টাকা ৪৭০০-২৬৫×৭-৬৫৫৫-ইবি-২৯০×১১-৯৭৪৫ (হালকা লাইসেন্সধারী)<br>স্কেল: টাকা ৪৯০০-২৯০×৭-৬৯৩০-ইবি-৩২০×১১-১০৪৫০ (গ্রেড-১৫) (ভারী লাইসেন্সধারী) | গাড়ি চালক-০৬টি | - | ০৬টি |
| | খ. গাড়িচালক (আউট সোর্সিং) | - | ০৫টি | ০৫টি |
| (৩৭) | গুদামরক্ষক (গ্রেড-১৬), স্কেল: টাকা ৪৭০০-২৬৫×৭-৬৫৫৫-ইবি-২৯০×১১-৯৭৪৫ | গুদামরক্ষক-০১টি | - | ০১টি |
| (৩৮) | নাজির-কাম-ক্যাশিয়ার (গ্রেড-১৬), স্কেল: টাকা ৪৭০০-২৬৫×৭-৬৫৫৫-ইবি-২৯০×১১-৯৭৪৫ | নাজির-কাম-ক্যাশিয়ার-০১টি | - | ০১টি |
| (৩৯) | প্লাম্বার (গ্রেড-১৬), স্কেল: টাকা ৪৭০০-২৬৫×৭-৬৫৫৫-ইবি-২৯০×১১-৯৭৪৫ | - | ০১টি | ০১টি |
| (৪০) | ইলেকট্রিশিয়ান (আউট সোর্সিং) | - | ০১টি | ০১টি |
| (৪১) | প্রধান কুক (গ্রেড-১৬), স্কেল: টাকা ৪৭০০-২৬৫×৭-৬৫৫৫-ইবি-২৯০×১১-৯৭৪৫ | কুক-০১টি | - | ০১টি |
| (৪২) | সেচ পাম্প অপারেটর (গ্রেড-১৭), স্কেল: টাকা ৪৫০০-২৪০×৭-৬১৮০-ইবি-২৬৫×১১-৯০৯৫ | জুনিয়র অপারেটর-০১টি | - | ০১টি |
| (৪৩) | এটেনডেন্ট (গ্রেড-১৮),<br>ল্যাব : ০৫ জন; ক্লাস রুম : ০৬ জন; লাইব্রেরি : ০২ জন।<br>স্কেল: টাকা ৪৪০০-২২০×৭-৫৯৪০-ইবি-২৪০×১১-৮৫৮০ | - | ১৩টি | ১৩টি |
| (৪৪) | ক্লিনার (আউট সোর্সিং) | - | ০৬টি | ০৬টি |
| (৪৫) | এমএলএসএস (গ্রেড-২০), স্কেল: টাকা ৪১০০-১৯০×৭-৫৪৩০-ইবি-২১০×১১-৭৭৪০ | এমএলএসএস-১৫টি<br>ওয়াকসপ হেল্পার-০১টি | - | ১৬টি |
| (৪৬) | গার্ডেনার/মালী (গ্রেড-২০), স্কেল: টাকা ৪১০০-১৯০×৭-৫৪৩০-ইবি-২১০×১১-৭৭৪০ | মালী-০৪টি | - | ০৪টি |
| (৪৭) | ফার্ম ওয়ার্কার (আউট সোর্সিং) | নিয়মিত শ্রমিক-১৫টি | - | ১৫টি |
| (৪৮) | ক. সিকিউরিটি গার্ড (গ্রেড-২০)<br>স্কেল: টাকা ৪১০০-১৯০×৭-৫৪৩০-ইবি-২১০×১১-৭৭৪০ | গার্ড-০৩টি | - | ০৩টি |
| | খ. সিকিউরিটি গার্ড (আউট সোর্সিং) | - | ০২টি | ০২টি |
| (৪৯) | এটেনডেন্ট (আউট সোর্সিং)<br>গেস্ট হাউস ও ডরমিটরি : ০৫জন ; ক্যাফেটেরিয়া : ০৬ জন; স্পোর্টস: ০১ জন। | - | ১২টি | ১২টি |
| (৫০) | সুইপার (আউট সোর্সিং) | সুইপার-০১টি | ০৫টি | ০৬টি |
| | সর্বমোট= | ৭৭ টি | ১০৭টি | ১৮৪টি |

৩. জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (NATA) এর জন্য নিম্নরূপ যানবাহন ও অফিস সরঞ্জামাদির অনুমোদন প্রদান করা হ'ল ঃ

| ক্র. নং | যানবাহনের নাম | জনপ্রশাসন মন্ত্রণালয়ের সম্মতি | অর্থবিভাগের সম্মতি | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | কার | ৩টি | ৩টি | ১× মহাপরিচালক, ২× পরিচালক |
| ২ | পিকআপ | ১টি | | - |
| ৩ | মিনিবাস | ১টি | - | অর্থ বিভাগ ১০টি যানবাহনের মধ্যে ০৪টি টিওএন্ডইভুক্ত এবং ০৬টি প্রাইভেট সেক্টর হতে ভাড়ার মাধ্যমে চালাতে সম্মতি প্রদান করেছে। |
| ৪ | বাস | ১টি | - | |
| ৫ | মাইক্রোবাস | ৪টি | - | |
| | মোট= | ১০টি | ৪টি | |

**অফিস সরঞ্জামাদির নাম**

| ক্র. নং | অফিস সরঞ্জামাদির নাম | জনপ্রশাসন মন্ত্রণালয়ের সম্মতি | অর্থ বিভাগের সম্মতি | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | মাল্টিমিডিয়া প্রজেক্টর | ৮টি | ৮টি | ৮টি ক্লাস রুমের জন্য |
| ২ | মটর অপারেটেড মাল্টিমিডিয়া স্ক্রিন | ৮টি | ৮টি | ৮টি ক্লাস রুমের জন্য |
| ৩ | ল্যাপটপ | ৮টি | ৮টি | ৮টি ক্লাস রুমের জন্য |
| ৪ | কম্পিউটার | ৪১টি | ৪১টি | কম্পিউটার ট্রেনিং এর জন্য ২৫টি এবং অফিসে ব্যবহারের জন্য ১৬টি |
| ৫ | প্রিন্টার | ১৭টি | ১৭টি | ১টি হাইব্রিড প্রিন্টার, ১টি কালার প্রিন্টার ও ১৫টি প্রিন্টার |
| ৬ | কালার টেলিভিশন | ৪টি | ৪টি | ডরমেটরির জন্য |
| ৭ | ডিজিটাল ক্যামেরা | ১টি | ১টি | - |
| ৮ | ভিডিও ডিজিটাল ক্যামেরা | ১টি | ১টি | - |
| ৯ | ফ্যাক্স মেশিন | ১টি | ১টি | - |
| ১০ | ফটোকপিয়ার | ৩টি | ৩টি | ১টি মহাপরিচালক ও ২টি প্রশিক্ষণ কাজের জন্য |
| ১১ | পেপার শ্রেডার | ১টি | ১টি | |
| ১২ | স্ক্যানার | ১টি | ১টি | |
| ১৩ | ডিজিটাল ইন্টারকম | ২০টি | ২০টি | |
| ১৪ | পাবলিক এডড্রেস ইকুইপমেন্ট (ওয়ারলেস) | ৯টি | ৯টি | ৮টি ক্লাস রুমের জন্য এবং ১টি অডিটরিয়ামের জন্য |

৪. সার্ডির যে সকল পদ জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমিতে স্থানান্তরিত হয়নি এবং যে সকল পদে পদধারীগণ কর্মরত আছেন সে সকল পদধারীগণ যথাযথ নিয়ম অনুসরণপূর্বক উদ্বৃত্ত হবেন।

৫. সুইপার, নিয়মিত শ্রমিক পদের বর্তমানে সার্ডিতে কর্মরত কর্মচারিদের মধ্যে যারা নাটাতে স্থানান্তরিত হবেন তারা অবসর/ চাকুরিচ্যুতি/মৃত্যু/ ইস্তফা ইত্যাদি কারণে পদ শূন্য হলে সে সকল পদে আউট সোর্সিং এর মাধ্যমে নিয়োগ করতে হবে। নবসৃষ্ট আউট সোর্সিং পদসমূহে আউট সোর্সিং-এর মাধ্যমে নিয়োগ করতে হবে;

৬. জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমির জন্য বাজেট বরাদ্দ না হওয়া পর্যন্ত বর্তমানে কর্মরত কর্মকর্তা-কর্মচারিগণের বেতনভাতাসহ সকল পরিচালনা ব্যয় **৩-৪৩৩৬-০০০০-XXXX** নং কোর্ডের অধীন বিভিন্ন অর্থনৈতিক কোডে বরাদ্দকৃত অর্থ হতে প্রদেয় হবে;

৭. মন্ত্রিপরিষদ বিভাগের ০৩-০৫-২০০৩ তারিখের মপবি/প:বি:শা:/কপগ-১১/২০০১-১১১ সংখ্যক সরকারি আদেশ যথাযথভাবে অনুসরণ করতে হবে।

**মাকছুমা আক্তার**
সিনিয়র সহকারী সচিব।